বার্ষিক প্রতিবেদন
২০১৩

তথ্য কমিশন

বার্ষিক প্রতিবেদন

২০১৩

তথ্য কমিশন

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা -১২০৭

টেলিফোন ঃ ৯১১৩৯০০, ৯১১০৭৫৫, ৯১১০৬৭৫, ৯১১১৫৯০, ৮১৮১২২২, ৮১৮১২১৫

৮১৮১২১৩, ৮১৮১২১০, ৮১৮১২১৮, ৮১৮১২১৭, ৯১৩৭৩৩২, ফ্যাক্সঃ ৯১১০৬৩৮, ৯১৩৭৩৩২

ই-মেইল ঃ cic@infocom.gov.bd ওয়েব-সাইট ঃ www.infocom.gov.bd

বার্ষিক প্রতিবেদন, ২০১৩

পরিকল্পনা, গ্রন্থনা ও সম্পাদনা : তথ্য কমিশন

সহযোগিতায় : কর্মকর্তা-কর্মচারীবৃন্দ

প্রকাশকাল : মার্চ ২০১৪ খ্রিঃ

তথ্য কমিশন কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

মুদ্রণ : তিথী প্রিন্টিং এন্ড প্যাকেজিং
২৮/সি-১, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল, ঢাকা-১০০০
ফোন : ৯৫৫০৪১২, ৯৫৫৩৩০৩, ০১৮১৯২৬৩৪৮১

তথ্য কমিশনের বার্ষিক প্রতিবেদন, ২০১৩

সূচীপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
	সূচীপত্রের সারণী	
	মুখবন্ধ	v
	মহামান্য রাষ্ট্রপতির নিকট ২০১২ সালের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন	vii
	মাননীয় প্রধানমন্ত্রীর নিকট ২০১২ সালের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন	ix
	ব্রেইল পদ্ধতিতে প্রণীত তথ্য অধিকার আইন, ২০০৯ এর উন্মোচন	xi
	বার্ষিক প্রতিবেদনের নির্বাহী সার-সংক্ষেপ	xiii
	প্রাক্তন প্রধান তথ্য কমিশনারবৃন্দ	xvii
	বর্তমানে কর্মরত প্রধান তথ্য কমিশনার ও তথ্য কমিশনারবৃন্দ	xviii
অধ্যায় ১ ঃ	*তথ্য অধিকার আইন ও তথ্য কমিশন প্রতিষ্ঠা*	*১-৪*
১.১	তথ্য অধিকার আইনের পটভূমি	২
১.২	কমিশনের জমি বরাদ্দ ও নিজস্ব ভবন নির্মাণের অগ্রগতি	২
১.৩	সাংগঠনিক কাঠামো ও জনবলের বর্তমান অবস্থা	৩
অধ্যায় ২ ঃ	*তথ্য অধিকার বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাদি*	*৫-৫২*
২.১	জনঅবহিতকরণ সভা ও প্রশিক্ষণ	৬
২.২	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ	৯
২.৩	জেলা ও অন্যান্য পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের প্রশিক্ষণ	১২
২.৪	তথ্য কমিশনের সার্ভার স্টেশন স্থাপন	১৭
২.৫	তথ্য কমিশনের ওয়েবসাইট পরিদর্শন	১৭
২.৬	তথ্য অধিকার আইন বাস্তবায়নে মিডিয়ার ভূমিকা	১৮
২.৭	তথ্য অধিকার বাস্তবায়ন বিষয়ক রোডম্যাপ	১৯
২.৮	তথ্য অধিকার আইন ও তথ্য অধিকার বিষয়ক প্রকাশনা বিতরণ	১৯
২.৯	তথ্য কমিশনের কর্মতৎপরতা	২০
২.১০	স্ব-প্রণোদিত তথ্য প্রকাশে তথ্য কমিশনের ভূমিকা	৩৭
২.১১	তথ্য অধিকার ও সামাজিক দায়বদ্ধতা (গ্রামীণ ফোন)	৩৯
২.১২	তথ্য কমিশন ও বেসরকারী সংগঠনসমূহের যৌথ কর্মকাণ্ড	৩৯
	ক. তথ্য জানার অধিকার দিবস	৩৯
	খ. এফএনএফ	৪১
	গ. ব্র্যাক	৪৩
	ঘ. টিআইবি	৪৪
	ঙ. নিজেরা করি	৪৮
	চ. ডেমোক্রেসিওয়াচ	৪৯
	ছ. এমআরডিআই	৫১

অধ্যায় ৩ ঃ	*তথ্য অধিকার বাস্তবায়ন পরিস্থিতি*	*৫৩-৯০*
৩.১	বিভিন্ন কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত আবেদনের সংখ্যা	৫৪
৩.২	সরবরাহকৃত ও অনুরোধকৃত তথ্য না দেয়ার সংখ্যা	৫৪
৩.৩	আপীলের সংখ্যা ও নিষ্পত্তির অবস্থা	৫৫
৩.৪	বিভিন্ন কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ	৫৫
৩.৫	তথ্য অধিকার আইন অনুসারে প্রদত্ত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থের পরিমাণ	৫৫
৩.৬	তথ্য অধিকার আইন বাস্তবায়নের জন্য বিভিন্ন কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ব্যবস্থাদি	৫৫
৩.৭	তথ্য কমিশনে প্রাপ্ত অভিযোগসমূহ ও গৃহীত ব্যবস্থাদি	৬১
৩.৮	তথ্য কমিশনে দায়েরকৃত অভিযোগের বিশ্লেষণ	৬১
৩.৯	একই আবেদনকারী কর্তৃক একের অধিক অভিযোগ দায়ের	৭৪
৩.১০	সর্বাধিক আবেদন প্রাপ্ত ১০ টি মন্ত্রণালয়	৮১
৩.১১	সর্বাধিক আবেদন প্রাপ্ত ১০ টি জেলা	৮২
৩.১২	সর্বাধিক আবেদন প্রাপ্ত ০৫ টি এনজিও	৮২
৩.১৩	তথ্য কমিশন ঃ কেস স্টাডি	৮৩
৩.১৪	বিভিন্ন কর্তৃপক্ষ থেকে প্রাপ্ত প্রতিবেদন বিশ্লেষণ	৮৫
	৩.১৪.১ মন্ত্রণালয় থেকে প্রাপ্ত প্রতিবেদন বিশ্লেষণ	৮৬
	৩.১৪.২ জেলা প্রশাসন থেকে প্রাপ্ত প্রতিবেদন বিশ্লেষণ	৮৭
	৩.১৪.৩ এএনজিও থেকে প্রাপ্ত প্রতিবেদন বিশ্লেষণ	৮৮
৩.১৫	মৌখিক তথ্যের বিশ্লেষণ	৮৮
৩.১৬	তথ্য কমিশনের আয়-ব্যয়ের হিসাব	৮৯
৩.১৭	উপসংহার	৮৯
অধ্যায় ৪ঃ	*পরিশিষ্টসমূহ*	*৯১-১১৮*
ক.	তথ্য কমিশনের সাংগঠনিক কাঠামো	৯২
খ.	তথ্য কমিশনের ওয়েবসাইট পরির্দশন	৯৩
গ.	তথ্য অধিকার আইনের উপর প্রকাশিত কিছু পত্রিকার প্রকাশনা	১০৫
ঘ.	গ্রামীণফোন কর্তৃক তথ্য অধিকার বিষয়ক প্রচারণামূলক কার্যক্রম	১১০
ঙ.	তথ্য অধিকার আইন বিষয়ক ফরমসমূহ	১১১
চ.	জনঅবহিতকরণ ও প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এরূপ জেলা সমূহের ম্যাপ	১১৭

মুখবন্ধ

বাংলাদেশ একটি প্রগতিশীল গণতান্ত্রিক উন্নয়নশীল রাষ্ট্র। গণতান্ত্রিক পদ্ধতিতে রাষ্ট্রের সকল নাগরিকের জন্য আইনের শাসন, মৌলিক মানবাধিকার, সমতা, ন্যায়বিচার প্রতিষ্ঠা এবং রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক অধিকার নিশ্চিত করা সম্ভব। এ লক্ষ্য বাস্তবায়নের জন্য একটি অন্যতম হাতিয়ার হিসেবে ভূমিকা রেখে চলেছে তথ্য অধিকার আইন। তথ্য জানার অধিকার সমাজের দুর্বলতম ব্যক্তিকেও ক্ষমতায়িত করতে পারে। ফলে এ আইন প্রয়োগের মাধ্যমে জনগণের প্রকৃত ক্ষমতায়ন সম্ভব। জনগণের ক্ষমতায়ন তথা রাষ্ট্রযন্ত্রের সকল স্তরে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, দুর্নীতি হ্রাস ও সুশাসন প্রতিষ্ঠার এক মহৎ উদ্দেশ্যে সরকার তথ্য অধিকার আইন, ২০০৯ জাতীয় সংসদে পাশ করে এবং আইনের বিধান অনুযায়ী তথ্য কমিশন প্রতিষ্ঠা করে।

তথ্য জানার অধিকার সুশাসন প্রতিষ্ঠার অন্যতম একটি হাতিয়ার। এ অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কাজ এবং দারিদ্র বিমোচন কর্মসূচিগুলোর সুষ্ঠু বাস্তবায়ন তরান্বিত করা সম্ভব হবে। তথ্য অধিকার আইনের সুষ্ঠু প্রয়োগ জনগণের অধিকতর অংশগ্রহণমূলক ক্ষমতায়ন নিশ্চিত করে জনবান্ধব শাসনব্যবস্থা প্রতিষ্ঠা করতে পারে।

প্রতিষ্ঠার পর থেকে তথ্য কমিশন জনগণের তথ্য অধিকার তথা তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আর এ লক্ষ্যে তথ্য অধিকার আইনের বার্তা ও এর সুফল সম্পর্কে সর্বসাধারণকে অবহিত করার জন্য সারাদেশে জেলা ও উপজেলা পর্যায়ে জনঅবহিতকরণসভা; মন্ত্রণালয়, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে তথ্য অধিকার আইনের উপর প্রশিক্ষণ কর্মসূচি; কমিশনে প্রাপ্ত অভিযোগসমূহ নিস্পত্তি ছাড়াও তথ্য কমিশন ইতোমধ্যে চারটি বার্ষিক প্রতিবেদন প্রকাশ করেছে। বিগত বছরগুলোর ন্যায় এবছরও তথ্য কমিশন তার সার্বিক কর্মকান্ড ও অর্জন নিয়ে ২০১৩ সনের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করছে। এ প্রতিবেদন প্রকাশের জন্য যারা বিভিন্ন তথ্য দিয়ে বা সুচিন্তিত মতামত ও পরামর্শ দিয়ে সহযোগিতা করেছেন আমি তাদের প্রতি কৃতজ্ঞ। এছাড়াও তথ্য কমিশনের দু'জন কমিশনার, সচিবসহ যারা এ প্রতিবেদন তৈরীতে শ্রম ও মেধা দিয়ে সহায়তা করেছেন আমি তাদের আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি।

আশা করি এ প্রতিবেদন প্রকাশের ফলে জনগণ বিগত সাড়ে চার বছরে তথ্য কমিশনের বিভিন্ন কর্মকান্ড, সীমাবদ্ধতা ও অর্জন সম্পর্কে মূল্যায়ন করতে পারবে এবং তথ্য অধিকার আইন বাস্তবায়নে ভবিষ্যত করণীয় সম্পর্কে একটি সামগ্রিক ধারণা অর্জন করতে সক্ষম হবে।

মোহাম্মদ ফারুক
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন।

তথ্য কমিশন

মহামান্য রাষ্ট্রপতির নিকট ২০১২ সালের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন

তথ্য কমিশন

মাননীয় প্রধানমন্ত্রীর নিকট ২০১২ সালের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন

তথ্য কমিশন

ব্রেইল পদ্ধতিতে প্রণীত তথ্য অধিকার আইন-২০০৯ এর উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে
মাননীয় তথ্য মন্ত্রী হাসানুল হক ইনু, এমপি

তথ্য কমিশন

বার্ষিক প্রতিবেদনের নির্বাহী সার-সংক্ষেপ

রাষ্ট্রের গণতান্ত্রিক ব্যবস্থাকে সুসংহত করার লক্ষ্যে জনগণের তথ্য প্রাপ্তির নিশ্চয়তা বিধান অত্যন্ত গুরুত্বপূর্ণ। ১৯৮৩ সালে তথ্য অধিকার আইনের পক্ষে প্রেস কমিশনের সুপারিশ ও ২০০২ সালে আইন কমিশনের কার্যপত্রের সূত্র ধরে বাংলাদেশে সিভিল সোসাইটির পক্ষ থেকে তথ্য অধিকার আইনের দাবী জোরদার হতে থাকে। বিভিন্ন বেসরকারী সংস্থা, রাজনীতিবিদ, শিক্ষাবিদ, আইনজীবী, সুশীল সমাজ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া প্রভৃতি এ ব্যাপারে অগ্রণী ভূমিকা পালন করে। এরই ধারাবাহিকতায় আইন কমিশন বিভিন্ন দেশের আইন পর্যালোচনা করে ২০০৩ সালে তথ্য অধিকার আইনের একটি খসড়া সরকারের নিকট পেশ করে।

বিশ্বের বিভিন্ন দেশের বিদ্যমান তথ্য অধিকার আইনসমূহ পর্যালোচনা করে এবং দেশ-বিদেশের বিভিন্ন সংস্থার কাছ থেকে মতামত নিয়ে সচিব কমিটি এবং উপদেষ্টা পরিষদের সুপারিশের ভিত্তিতে তথ্য অধিকার অধ্যাদেশ চূড়ান্ত করা হয়। সকল আনুষ্ঠানিকতা শেষে ২০ অক্টোবর, ২০০৮ তারিখে 'তথ্য অধিকার অধ্যাদেশ, ২০০৮' জারি করা হয়। ২০০৮ সালের ২৯ ডিসেম্বর অনুষ্ঠিত নির্বাচনের পর নির্বাচিত সরকার 'তথ্য অধিকার অধ্যাদেশ, ২০০৮' কে আইনে পরিণত করার উদ্যোগ নেয় এবং ৯ম জাতীয় সংসদের ১ম অধিবেশনে যে কয়টি অধ্যাদেশ আইনে পরিণত হয় তার মধ্যে 'তথ্য অধিকার আইন, ২০০৯' অন্যতম। উক্ত অধিবেশনে ২৯ মার্চ, ২০০৯ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ পাস হয়। মহামান্য রাষ্ট্রপতি ৫ এপ্রিল, ২০০৯ তারিখে এই আইনটিতে সদয় সম্মতি জ্ঞাপন করেন এবং ৬ এপ্রিল, ২০০৯ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ১১(১) উপ-ধারার বিধান মতে আইন জারীর ৯০ দিনের মধ্যে গত ১ জুলাই, ২০০৯ তারিখে প্রধান তথ্য কমিশনার ও ২ জন তথ্য কমিশনার তন্মধ্যে একজন নারী সমন্বয়ে তথ্য কমিশন গঠন করা হয়।

জনগণের অর্থে পরিচালিত সরকারী-বেসরকারী সংস্থাসমূহের স্বচ্ছতা, জবাবদিহিতা বৃদ্ধি করার মাধ্যমে দুর্নীতি হ্রাস ও সুশাসন প্রতিষ্ঠাই এই আইনের মূল লক্ষ্য ও উদ্দেশ্য। তথ্য অধিকার আইনের বিধান অনুসারে এবং এ আইনটি বাস্তবায়নের লক্ষ্যে সরকার আইন পাশ করার পরপরই তথ্য কমিশন প্রতিষ্ঠা করেছে ও এর কমিশনার ও কর্মকর্তা-কর্মচারী নিয়োগ/পদায়ন করেছে। সরকারের এই আন্তরিক সদিচ্ছা ও সাহসী উদ্যোগ দেশে বিদেশে প্রশংসিত হয়েছে এবং এর মাধ্যমে দেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে। তথ্য অধিকার আইন বাস্তবায়নের প্রাথমিক দায়িত্ব তথ্য কমিশনের হলেও সমাজের অন্যান্য অংশ তথা বেসরকারী সংস্থা, কর্পোরেট প্রতিষ্ঠান, সুশীল সমাজ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া, জনপ্রতিনিধি, রাজনীতিবিদ এবং সর্বোপরি জনগণের অংশগ্রহণ অপরিহার্য।

তথ্য অধিকার আইনের ৩০ ধারা অনুসারে প্রতি বছর তথ্য কমিশন কর্তৃক পূর্ববর্তী বছরের কার্যাবলী সম্পর্কে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করার বিধান রয়েছে। এ আইনী বাধ্যবাধকতা থেকে বিগত বছরের ন্যায় এবারও তথ্য কমিশন বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছে। সারা দেশে তথ্য অধিকার আইন বাস্তবায়ন পরিস্থিতি, এ আইন অনুসারে প্রাপ্ত আবেদন ও তথ্য প্রদানের সংখ্যা, এতদ্‌সংক্রান্ত আপীল ও নিস্পত্তির সংখ্যা, তথ্য প্রদানের জন্য আদায়কৃত মূল্য, তথ্য কমিশনে দায়েরকৃত অভিযোগ ও তার ফলাফল, আইনটি বাস্তবায়নের জন্য কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের বিবরণ এ বার্ষিক প্রতিবেদনে তুলে ধরা হয়েছে। এতদ্‌ব্যতীত, তথ্য অধিকার আইন বাস্তবায়ন সংক্রান্ত তথ্য কমিশনের কর্মকা-, অর্জিত সাফল্যসমূহ, তথ্য অধিকার বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন সভা, সেমিনার, আলোচনা, এতদ্‌সংক্রান্ত প্রবন্ধ, নিবন্ধ, প্রতিবেদন ও অন্যান্য প্রকাশনা, সামাজিক দায়বদ্ধতার আলোকে গৃহীত কর্মকা- প্রভৃতিও এ বার্ষিক প্রতিবেদনে তুলে ধরা হয়েছে। আশা করা যাচ্ছে এর মাধ্যমে দেশে তথ্য অধিকার আইন বাস্তবায়ন ও তথ্য কমিশনের কর্মকা- সম্পর্কে জনসাধারণের মাঝে স্বচ্ছ ধারণা ফুটে উঠবে।

তথ্য অধিকার আইনের আওতায় জনসাধারণকে তথ্য প্রদানের সাধারণ বিধান হলো প্রতিটি সরকারী-বেসরকারী দপ্তরে একজন করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য প্রদানের জন্য নিয়োজিত থাকবেন যিনি জনগণের আবেদনের প্রেক্ষিতে

আইনের বিধান ও ব্যতিক্রমসমূহ অনুসরণপূর্বক কাঙ্ক্ষিত তথ্য নির্ধারিত ফি গ্রহণপূর্বক সরবরাহ করবেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির তারিখ হতে অনধিক ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করতে ব্যর্থ হলে আপীল কর্তৃপক্ষের নিকট আপীল এবং সেক্ষেত্রেও সংক্ষুব্ধ হলে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করা যাবে। তথ্য কমিশন দেওয়ানী আদালতের ক্ষমতা প্রয়োগ করে সমন জারী ও শুনানী গ্রহণ এবং অন্যান্য প্রক্রিয়া অনুসরণ পূর্বক অভিযোগ নিষ্পত্তি করে থাকে। তবে জনগণের অনুরোধে তথ্য সরবরাহের জন্য প্রতিটি দপ্তর যথাযথ প্রক্রিয়ায় তথ্য সংরক্ষণ করবে এবং তথ্য প্রাপ্তির অনুরোধ ছাড়াও স্ব-প্রণোদিতভাবে তাদের কর্মকাণ্ড জনসাধারণকে অবহিত করার জন্য বিভিন্ন মাধ্যমে তথ্য প্রকাশ ও প্রচার করবে। বাংলাদেশের তথ্য অধিকার আইন, ২০০৯ নানা কারণে বৈশিষ্ট্যমণ্ডিত। বাংলাদেশের তথ্য অধিকার আইনে দেওয়ানী আদালতের মত তথ্য কমিশন কোন ব্যক্তিকে কমিশনে হাজির করার জন্য সমন জারী এবং শপথপূর্বক মৌখিক বা লিখিত প্রমাণ, দলিল বা অন্য কোন কিছু হাজির করতে বাধ্য করার আদেশ দিতে পারবে। দোষী প্রমাণিত হলে তথ্য কমিশন সংশ্লিষ্ট কর্মকর্তাকে জরিমানা করতে পারবে, তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের নিকট সুপারিশ করতে পারবে এবং উপযুক্ত ক্ষেত্রে ক্ষতিপূরণের আদেশও দিতে পারবে।

আইনে প্রদত্ত ক্ষমতাবলে তথ্য কমিশন প্রতিষ্ঠার পর থেকে কমিশন কর্তৃক জারীকৃত বিধিমালা, প্রবিধানমালা ও অন্যান্য প্রকাশনাসমূহ

ক. তথ্য অধিকার আইন, ২০০৯ এর ইংরেজী পাঠ "The Right to Information Act, 2009"।

খ. তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯।

গ. তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯।

ঘ. তথ্য অধিকার (তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা) প্রবিধানমালা, ২০১০।

ঙ. তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০১১।

চ. তথ্য অধিকার (তথ্য প্রচার ও প্রকাশ) প্রবিধানমালা, ২০০৯।

ছ. তথ্য অধিকার (অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত) প্রবিধানমালা, ২০১১।

জ. তথ্য অধিকার ম্যানুয়াল, ২০১২।

ঝ. তথ্য কমিশনে দায়েরকৃত অভিযোগ ও সিদ্ধান্ত সমূহ সম্বলিত বই।

ঞ. তথ্য কমিশনের বার্ষিক প্রতিবেদন, ২০০৯, ২০১০, ২০১১ এবং ২০১২।

ট. তথ্য অধিকার আইন, ২০০৯ এর পকেট সংস্করণ।

ঠ. তথ্য কমিশনে দায়েরকৃত অভিযোগ ও সিদ্ধান্ত সমূহের ইংরেজি সংস্করণ।

তথ্য অধিকার আইন বাস্তবায়নের জন্য বিভিন্ন কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ব্যবস্থাদি

তথ্য অধিকার আইন বাস্তবায়নের জন্য বিভিন্ন কর্তৃপক্ষ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। গৃহীত পদক্ষেপগুলোর মধ্যে নিম্নলিখিত পদক্ষেপসমূহ বিশেষভাবে উল্লেখযোগ্য ঃ

- দেশের বিভিন্ন কর্তৃপক্ষ কর্তৃক ওয়েব সাইট খোলা হয়েছে।
- অধিকাংশ জেলার তথ্য বাতায়নে তথ্য অধিকার আইন সন্নিবেশিত হয়েছে।
- ওয়েব সাইটে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনেক গুরুত্বপূর্ণ তথ্যাবলী স্ব-উদ্যোগে প্রকাশ করা হয়েছে।
- বিভিন্ন সরকারী-বেসরকারী কর্তৃপক্ষ কর্তৃক তথ্য সরবরাহের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে।

তথ্য কমিশনের উদ্যোগে সারা দেশে তথ্য অধিকার আইন বাস্তবায়ন পরিস্থিতি, এ আইন অনুসারে প্রাপ্ত আবেদন ও তথ্য প্রদানের সংখ্যা, এতদ্‌সংক্রান্ত আপীল ও নিস্পত্তির সংখ্যা, তথ্য প্রদানের জন্য আদায়কৃত মূল্য, তথ্য কমিশনে দায়েরকৃত অভিযোগ ও তার ফলাফল, আইনটি বাস্তবায়নের জন্য কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের বিবরণ সম্পর্কে সরকারী-বেসরকারী সকল কর্তৃপক্ষের নিকট তথ্য চাওয়া হয়। প্রাপ্ত প্রতিবেদন অনুসারে সারা দেশে যেসব বিষয়ে তথ্যের

জন্য বিভিন্ন কর্তৃপক্ষের নিকট আবেদন পাওয়া গেছে সে বিষয়সমূহের মধ্যে ভূমি ও ভূমি ব্যবস্থাপনা, হাসপাতাল ব্যবস্থাপনা, সরকারী চাকরি, প্রশাসন ও মামলা মোকদ্দমা, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ, সমাজসেবা ও সামাজিক নিরাপত্তা, নিয়োগ পরীক্ষা, ভর্তি পরীক্ষা এবং বিবিধ বিষয়াদি উল্লেখযোগ্য।

তথ্য অধিকার আইনের নির্ধারিত ফরমেট ব্যবহার করে সমগ্র দেশে গত ০১/০১/২০১৩ হতে ৩১/১২/২০১৩ তারিখ পর্যন্ত প্রাপ্ত আবেদনপত্রের সংখ্যা ১১,৭২৭টি। তন্মধ্যে সরকারী কর্তৃপক্ষ বরাবর দাখিলকৃত আবেদনের সংখ্যা ৭,৮১৬টি এবং এনজিওগুলোতে দাখিলকৃত আবেদনপত্রের সংখ্যা ৩,৯১১টি। সরকারী দপ্তরে তথ্যপ্রাপ্তির জন্য আবেদনের হার ৬৬.৬৫% এবং বেসরকারী দপ্তরে দাখিলকৃত তথ্যপ্রাপ্তির জন্য আবেদনের হার ৩৩.৩৫%। দেশের বিভিন্ন কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত ১১,৭২৭টি আবেদনের মধ্যে ১১,২৭৫টির তথ্য সরবরাহ করা হয়েছে যা মোট আবেদনের ৯৬.১৫%। অনুরোধকৃত তথ্য না দেয়ার সিদ্ধান্তের সংখ্যা ৪৫২ টির (৩.৮৫%) মধ্যে কিছু প্রক্রিয়াধীন রয়েছে। কমিশন প্রতিষ্ঠার পর হতে তথ্য কমিশনে সর্বমোট ৫১৩ টি অভিযোগ দাখিল করা হলে কমিশনের বিভিন্ন তারিখে অনুষ্ঠিত সভায় ২৫৪ টি অভিযোগ আমলে গ্রহণ করা হয়। ২৪৮ টি অভিযোগ শুনানীর মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে। ০৬টি অভিযোগ অনিষ্পন্ন রয়েছে। ২৩৬টি অভিযোগের ক্ষেত্রে অভিযোগকারীকে তার অভিযোগ আমলে গ্রহণ না করার কারণ পত্র মারফত অবহিত করা হয়েছে এবং পরবর্তীতে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে অভিযোগ দাখিলের বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। ১ টি অভিযোগ নথিজাত করা হয় এবং অবশিষ্ট ২২টি অভিযোগ তথ্য অধিকার আইনের সাথে সংগতিপূর্ণ না হওয়ায় খারিজ করা হয়।

তথ্য কমিশনের আয়-ব্যয়ের হিসাব

তথ্য কমিশন ২০১৩-১৪ অর্থবছরে বেতন-ভাতা ও অন্যান্য মঞ্জুরি বাবদ বরাদ্দপ্রাপ্ত ৩৮২.০০ (তিন কোটি বিরাশি লক্ষ) টাকার মধ্যে ২০১৩ সালের জুলাই হতে ডিসেম্বর পর্যন্ত সর্বমোট ১১৫.৬২ (এক কোটি পনের লক্ষ বাষট্টি হাজার) টাকা ব্যয় করেছে।

তথ্য অধিকার আইন বাস্তবায়নের চ্যালেঞ্জসমূহ

তথ্য অধিকার আইন বাস্তবায়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ কিছু চ্যালেঞ্জ রয়েছে, যেমনঃ

- সাধারণ জনগণের মাঝে তথ্য অধিকার আইন বিষয়ক সচেতনতার অভাব।
- তথ্য প্রদানের সংস্কৃতি তৈরি না হওয়া।
- তথ্য প্রদানে দীর্ঘসূত্রিতা।
- জোরদার মনিটরিং এর অভাব।
- জেলা পর্যায়ে সরকারী অফিসসমূহে জনবল স্বল্পতা।
- প্রার্থীত তথ্য প্রস্তুতের নিমিত্ত সরকারী অফিসে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না থাকা।
- তথ্য অধিকার আইনের অস্পষ্টতা ও সীমাবদ্ধতা।
- তথ্য অধিকার আইনের প্রচারণার অপর্যাপ্ততা।
- সকল দপ্তরে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ না হওয়া।
- স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের অভাব।
- তথ্য অধিকার আইন চর্চার ক্ষেত্রে অনীহা।
- সাংবাদিক ও মিডিয়া কর্মীদের তথ্য অধিকার আইন ব্যবহারে অনীহা।
- তথ্য সংরক্ষণের অপর্যাপ্ত ব্যবস্থা।
- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপীল কর্তৃপক্ষের তথ্য অধিকার আইন সম্পর্কে পরিষ্কার ধারণা না থাকা।
- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য প্রদানে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের ওপর নির্ভরশীলতা।
- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দপ্তরে লজিস্টিক সাপোর্টের অভাব প্রভৃতি উল্লেখযোগ্য।

তথ্য অধিকার আইন বাস্তবায়নের জন্য তথ্য কমিশনের সুপারিশ

- তথ্য অধিকার আইনকে সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সকল তথ্য প্রদান ইউনিটে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিয়োগ সম্পন্ন করা।
- প্রত্যেক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট প্রদান করা।
- Suo-moto disclosure এর পরিমাণ ও পরিধি বৃদ্ধি করা, ইনডেক্স ও ক্যাটালগ অনুসারে তথ্য সংরক্ষণ ও সংগৃহিত তথ্য ওয়েবসাইটে প্রকাশ করা।
- এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত বেসরকারী প্রতিষ্ঠানসমূহের তথ্য অধিকার আইন বাস্তবায়নে গৃহীত পদক্ষেপগুলো পর্যবেক্ষণ/মনিটরিং এর ব্যবস্থা গ্রহণ করা।
- Video Conference Based Hearing এর ব্যবস্থা গ্রহণ করা
- স্ব-উদ্যোগে জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ করা, প্রত্যেক প্রতিষ্ঠানের সিটিজেন চার্টার প্রস্তুত করা ও প্রচারের উদ্যোগ গ্রহণ করা।
- অনলাইনে আবেদন গ্রহণ ও তথ্য প্রদানের সুযোগ সৃষ্টি করা
- ওয়েবসাইট প্রতিনিয়ত হালনাগাদ করা
- বেসরকারী দেশীয় ও বহুজাতিক কোম্পানিগুলোকে তথ্য অধিকার আইনের আওতায় অন্তর্ভুক্ত করা
- দুর্নীতি দমন কমিশন, জাতীয় মানবাধিকার কমিশন ও তথ্য কমিশন সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান। এই তিনটি প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধান ও সদস্যদের পদমর্যাদা একই হওয়া বাঞ্ছনীয়
- অভিযোগের সাথে সংশ্লিষ্ট কোন পক্ষ তথ্য কমিশনের আদেশ/সিদ্ধান্ত বাস্তবায়ন না করলে কমিশনকে Contempt of the Court এর Proceeding draw করার ক্ষমতা প্রদান করা ইত্যাদি বিভিন্ন সময়োপযোগী ও কার্যকর ব্যবস্থা গ্রহণের মাধ্যমেই তথ্য অধিকার আইনকে সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা সম্ভব।

উপসংহার

বাংলাদেশে তথ্য অধিকার আইন প্রণয়ন এবং তথ্য কমিশন প্রতিষ্ঠা সরকারের আন্তরিক সদিচ্ছার প্রতিফলন যা গণতান্ত্রিক ব্যবস্থাকে এগিয়ে নিয়ে যাওয়ার পাশাপাশি জনগণের ক্ষমতায়ন এবং সর্বক্ষেত্রে স্বচ্ছতার নিশ্চয়তা প্রদান করে। কমিশন কাজ শুরু করার পর স্বল্প সময়ে নিয়মতান্ত্রিক প্রক্রিয়ায় তথ্য পাওয়ার বিষয়ে জনগণের আগ্রহ এবং প্রতিষ্ঠানসমূহের সাড়া নিঃসন্দেহে আশাব্যঞ্জক। নানাবিধ সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও তথ্য কমিশন জনগণের তথ্য জানার আকাঙ্ক্ষা পূরণে দৃঢ় প্রতিজ্ঞ। তবে কমিশনের সার্বিক সাফল্য নির্ভর করে তথ্য অধিকার আইন ও তথ্য কমিশনের কাজ সম্পর্কে জনগণের ব্যাপক সচেতনতার ওপর। দেশের আপামর জনগোষ্ঠী এ আইনের সহায়তা নিয়ে সরকারী, বেসরকারী প্রতিষ্ঠানের জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণে ভূমিকা রাখতে পারে। এর মাধ্যমে গণতান্ত্রিক প্রক্রিয়াকে সুসংহত করা ও সুশাসন প্রতিষ্ঠার পাশাপাশি একটি আত্মমর্যাদাশীল জাতি হিসেবে বহির্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি বহুগুণে উজ্জ্বল হবে বলে তথ্য কমিশন দৃঢ়ভাবে বিশ্বাস করে।

প্রাক্তন প্রধান তথ্য কমিশনারবৃন্দ

এম আজিজুর রহমান

২০০৯ সালে তথ্য কমিশন গঠনের পর প্রথম প্রধান তথ্য কমিশনার হিসেবে এম আজিজুর রহমান ০২/০৭/২০০৯ তারিখে দায়িত্বভার গ্রহণ করেন এবং তথ্য অধিকার আইন, ২০০৯ এর ১৫(৩) ধারার বিধান মোতাবেক ৬৭ বছর পূর্ণ হওয়ায় ১০/০১/২০০৯ তারিখে দায়িত্বভার হস্তান্তর করেন।



মোহাম্মদ জমির

সাবেক রাষ্ট্রদূত মোহাম্মদ জমির তথ্য কমিশনের দ্বিতীয় প্রধান তথ্য কমিশনার হিসেবে ৩১/০৩/২০১০ তারিখে যোগদান করেন এবং তথ্য অধিকার আইন, ২০০৯ এর ১৫(৩) ধারার বিধান মোতাবেক ৬৭ বছর পূর্ণ হওয়ায় ০৩/০৯/২০১২ তারিখে দায়িত্বভার হস্তান্তর করেন।

বর্তমানে কর্মরত প্রধান তথ্য কমিশনার ও তথ্য কমিশনারবৃন্দ

মোহাম্মদ ফারুক

প্রধান তথ্য কমিশনার

সাবেক রাষ্ট্রদূত মোহাম্মদ ফারুক তৃতীয় প্রধান তথ্য কমিশনার হিসেবে ১১/১০/২০১২ তারিখে তথ্য কমিশনে যোগদান করে দক্ষতা ও যোগ্যতার সাথে তার দায়িত্ব পালন করে যাচ্ছেন।

মোহাম্মদ আবু তাহের

তথ্য কমিশনার

সাবেক সচিব মোহাম্মদ আবু তাহের তথ্য কমিশনার হিসেবে ২০০৯ সালের ০২ জুলাই থেকে দায়িত্ব পালন করে আসছেন। প্রথম প্রধান তথ্য কমিশনার এম আজিজুর রহমানের অবসরের পর ১১/০১/২০১১ হতে ৩০/০৩/২০১১ তারিখ পর্যন্ত এবং ২য় প্রধান তথ্য কমিশনার মোহাম্মদ জমিরের অবসরের পর ০৩/০৯/২০১২ তারিখ থেকে ১০/১০/২০১২ তারিখ পর্যন্ত দু'বার ভারপ্রাপ্ত প্রধান তথ্য কমিশনার এর দায়িত্ব পালন করেন।

অধ্যাপক ডঃ সাদেকা হালিম

তথ্য কমিশনার

অধ্যাপক ডঃ সাদেকা হালিম প্রথম নারী তথ্য কমিশনার হিসেবে ২০০৯ সালের ০২ জুলাইয়ে নিয়োগ পাবার থেকে দায়িত্ব পালন করে যাচ্ছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক।

অধ্যায় - ১
তথ্য অধিকার আইন ও তথ্য কমিশন প্রতিষ্ঠা

অধ্যায় - ১

তথ্য অধিকার আইন ও তথ্য কমিশন প্রতিষ্ঠা

১.১. তথ্য অধিকার আইনের পটভূমি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৩৯ অনুচ্ছেদ অনুসারে চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতা নাগরিকের অন্যতম মৌলিক অধিকার। তথ্য প্রাপ্তির অধিকারকে চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতার অবিচ্ছেদ্য অংশ হিসাবে গণ্য করা হয়। তথ্য অধিকারকে জনগণের ক্ষমতায়নের একটি মাধ্যম হিসেবে বিবেচনা করা হয় এবং জনগণের ক্ষমতায়নের মাধ্যমে সরকারী, স্বায়ত্বশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারী বা বিদেশী অর্থায়নে সৃষ্ট ও পরিচালিত বেসরকারী সংস্থাসমূহের স্বচ্ছতা, জবাবদিহিতা বৃদ্ধি করা সম্ভব বলে বিবেচনা করা হয়। আর তথ্য অধিকারের মাধ্যমে এর সবগুলো নিশ্চিত করা গেলে দেশ হতে দুর্নীতি হ্রাস পাবে ও সুশাসন প্রতিষ্ঠা হবে বলে মনে করা হয়। এরূপ একটি ধারণা থেকে ২০০৯ সালে সরকার তথ্য অধিকার আইন পাশ করেছে। আইন পাশ করার পরপরই আইন বাস্তবায়নকারী সংস্থা হিসাবে তথ্য কমিশন প্রতিষ্ঠা করেছে ও এর কমিশনার ও কর্মকর্তা-কর্মচারী নিয়োগ/পদায়ন করেছে। দেশে সুশাসন প্রতিষ্ঠা এবং দুর্নীতি হ্রাস করার একটি আন্তরিক সদিচ্ছা ও বাসনা থেকে সরকার এ সাহসী উদ্যোগ গ্রহণ করেছে যা দেশে বিদেশে প্রশংসিত হয়েছে এবং এর মাধ্যমে দেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে। যদিও তথ্য অধিকার আইন বাস্তবায়নের প্রাথমিক দায়িত্ব তথ্য কমিশনের তথা সরকারের তথাপি বেসরকারী সংস্থা ও নাগরিকের সক্রিয় অংশগ্রহণ ছাড়া এর পূর্ণ বাস্তবায়ন সম্ভব নয়। দেশে বিরাজমান তথ্য অধিকারের সুফল পেতে জনগণকে এ আইনটি সম্পর্কে জানতে হবে; এর প্রয়োগ সম্পর্কে জানতে হবে এবং এর মাধ্যমে নিজেদের ক্ষমতায়নের পথ সুগম করতে এগিয়ে আসতে হবে।

বাংলাদেশে তথ্য কমিশন প্রতিষ্ঠার সারে চার বছর অতিক্রান্ত হলেও তথ্য অধিকার আন্দোলনের ইতিহাস দীর্ঘ। তথ্য অধিকার নিশ্চিত করার মাধ্যমে গণতন্ত্রকে সুসংহত করার লক্ষ্যে ১৯৮৩ সালে প্রেস কমিশন তথ্য অধিকার আইন পাশের সুপারিশ করেছিল। পরবর্তীতে ২০০২ সালে আইন কমিশন তথ্য অধিকার আইন প্রণয়নের লক্ষ্যে সিদ্ধান্ত গ্রহণ করে এবং ২০০৩ সালে তথ্য অধিকার আইনের একটি খসড়া প্রস্তুত করে সরকারের নিকট উপস্থাপন করে। দেশের সুশীল সমাজ, বেসরকারী সংস্থার প্রতিনিধিবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিবৃন্দ, আইনজীবী, রাজনীতিবিদ, শিক্ষাবিদসহ অনেকেই তথ্য অধিকার আইন প্রণয়নের পক্ষে প্রচারণা চালাতে থাকে এবং দেশে তথ্য অধিকার আইন প্রতিষ্ঠার একটি ক্ষেত্র তৈরি করে। এরই ধারাবাহিকতায় প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা শেষে ২০০৮ সালের ২০ অক্টোবর তথ্য অধিকার অধ্যাদেশ জারি করা হয়। ৯ম জাতীয় সংসদের প্রথম অধিবেশনেই তথ্য অধিকার আইন, ২০০৯ পাশ হয় এবং ৬ এপ্রিল ২০০৯ সালে গেজেট আকারে প্রকাশিত হয়।

১.২. তথ্য কমিশনের জমি বরাদ্দ ও নিজস্ব ভবন নির্মাণের অগ্রগতি

২০০৯ সালে তথ্য কমিশন প্রতিষ্ঠা হওয়ার পর প্রাথমিকভাবে তথ্য মন্ত্রণালয়াধীন গণমাধ্যম ইনস্টিটিউটের তিনটি কক্ষে কমিশনের কার্যক্রম শুরু করা হয়। পরবর্তীতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন শেরে বাংলা নগরস্থ আগারগাঁও প্রশাসনিক এলাকায় অবস্থিত প্রত্নতত্ত্ব ভবনের ৩য় তলায় একটি ফ্লোর নিয়ে তথ্য কমিশনের অফিস স্থাপন করা হয়। বর্তমানে উক্ত ভবনেই কমিশনের কার্যক্রম চলমান রয়েছে। কমিশনের নিজস্ব কার্যালয় প্রতিষ্ঠার জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে ২০১০ সালে ০.৩৫ একর জমিসহ এফ-১৭/ডি নং প্লটটি তথ্য কমিশনের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়। উক্ত জমির সেলামী বাবদ প্রয়োজনীয় অর্থ ৬৩,৬৩,৬৩৭ (তেষট্টি লক্ষ তেষট্টি হাজার ছয়শত সাইত্রিশ) টাকা পরিশোধ করা হয়েছে। পরবর্তীতে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক জমির মূল্য ৬,৩৬,৩৬,৩৬৩/৬৩ (ছয় কোটি ছত্রিশলক্ষ ছত্রিশ

হাজার তিনশত তেষট্টি টাকা তেষট্টি পঁয়সা) টাকা পুনঃনির্ধারণপূর্বক সেলামী বাবদ পরিশোধকৃত টাকা বাদ দিয়ে অবশিষ্ট (৬,৩৬,৩৬,৩৬৩/৬৩-৬৩,৬৩,৬৩৭)= ৫,৭২,৭২,৭২৬/৬৩ (পাঁচ কোটি বাহাত্তর লক্ষ বাহাত্তর হাজার সাতশত ছাব্বিশ টাকা এবং তেষট্টি পঁয়সা) টাকা চালানের মাধ্যমে পরিশোধের জন্য বলা হয়। সে প্রেক্ষিতে জানানো হয় যে, তথ্য কমিশনের চলতি ২০১২-১৩ অর্থ বছরের বাজেটে জমির মূল্য পরিশোধের জন্য কোন বরাদ্দ নেই। এছাড়া, তথ্য কমিশন স্বাধীন প্রতিষ্ঠান হলেও তথ্য কমিশনের বাজেট সরকারী কোষাগার হতে থোক বরাদ্দের ভিত্তিতে হয়ে থাকে। তথ্য কমিশনের জমির মূল্য সরকার কর্তৃক প্রদত্ত বরাদ্দ হতে পরিশোধযোগ্য এবং মূল্য বাবদ অর্থ এক মন্ত্রণালয় হতে অন্য একটি মন্ত্রণালয়ে হস্তান্তর করা হবে। সেহেতু তথ্য কমিশন কর্তৃক পরিশোধিত সেলামীর ভিত্তিতে তথ্য কমিশনকে জমির অবশিষ্ট মূল্য পরিশোধের দায়ভার থেকে অব্যাহতি প্রদানপূর্বক জমির দখল বুঝিয়ে দেয়ার জন্য গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়। পরবর্তীতে উক্ত অনুরোধের প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের মতামত এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তরের মতামতের প্রেক্ষিতে তথ্য কমিশনের বরাদ্দকৃত জমির অবশিষ্ট মূল্য পরিশোধের দায়ভার থেকে অব্যাহতি প্রদানের আবেদন বিবেচনা করা সম্ভব হচ্ছে না মর্মে জানানো হয়।

তথ্য কমিশনের নিজস্ব ভবন নির্মাণের লক্ষ্যে জমির দখল বুঝে নেয়া প্রয়োজন বিধায় অবশিষ্ট মূল্য পরিশোধের জন্য সর্বমোট ৫,৭২,৭২,৭২৬/৬৩ (পাঁচ কোটি বাহাত্তর লক্ষ বাহাত্তর হাজার সাতশত ছাব্বিশ টাকা এবং তেষট্টি পয়সা) টাকা বিশেষ বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত তথ্য মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়। জমির দখল হস্তান্তর হওয়ার পর প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা শেষে কমিশনের নিজস্ব কার্যালয় স্থাপন করা হবে।

১.৩. সাংগঠনিক কাঠামো ও জনবলের বর্তমান অবস্থা

২০০৯ সালেই তথ্য কমিশনের ৭৬ জন জনবলসমৃদ্ধ টিওএ-ই অনুমোদন করা হয়। তৎপর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তথ্য মন্ত্রণালয়ের স্মারক নং তম-প্রেস-২/সাংবাদিক-১/২০০৫(অংশ-২)/৭৮৭ তারিখ ২৭-০৭-২০১০ এর মাধ্যমে তথ্য কমিশনের জন্য ৭৬ টি পদ রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজন করা হয়। তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০১১ অনুমোদিত হয়ে গেজেটে প্রকাশিত হওয়ার পর গত ফেব্রুয়ারি, ২০১১ মাসে তথ্য কমিশন কর্তৃক দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় এবং প্রয়োজনীয় যাবতীয় পদক্ষেপ অনুসরণক্রমে কমিশনে ৩১ জন কর্মচারী নিয়োগ করা হয়েছিল। তন্মধ্যে ০৮ জন কর্মচারী চাকরি হতে ইস্তফা প্রদান করেছেন এবং ০২ জন যোগদান না করায় ২১ জন কর্মচারী কর্মরত ছিল। পরবর্তীতে ২০১৩ সালে কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের মাধ্যমে ০৮ জন কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ দেয়া হয়েছে। এর মধ্যে ০২ জন কর্মচারী যোগদান না করায় বর্তমানে কর্মকর্তা কর্মচারীর সংখ্যা ২৭ জন। তথ্য কমিশনের সাংগঠনিক কাঠামো পরিশিষ্ট 'ক' তে প্রদর্শিত হলো।

বর্তমানে তথ্য কমিশনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ

ক্র.নং	নাম	পদবী		ফোন নম্বর
১.	জনাব মোহাম্মদ ফারুক	প্রধান তথ্য কমিশনার		০২-৯১১৩৯০০
২.	জনাব মোহাম্মদ আবু তাহের	তথ্য কমিশনার		০২-৮১৮১২২১
৩.	অধ্যাপক ড. সাদেকা হালিম	তথ্য কমিশনার		০২-৮১৮১২২০
৪.	জনাব মোঃ ফরহাদ হোসেন	সচিব	প্রেষণে নিযুক্ত	০২-৯১১১৫৯০
৫.	জনাব মোঃ আব্দুল করিম	পরিচালক (প্রশাসন)		০২-৮১৮১২২২
৬.	জনাব মোঃ সাইফুল্লাহিল আজম	পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ)		০২-৮১৮১২১৫
৭.	ড. মোঃ আঃ হাকিম	উপপরিচালক (প্রশাসন)		০২-৮১৮১২১৩
৮.	জনাব নূরুন নাহার	উপপরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ)		০২-৮১৮১২১০
৯.	জনাব মোহাম্মদ আলমগীর হোসেন	পিএস টু সিআইসি		০২-৮১৮১২১৮
১০.	জনাব সেলিম শেখ	পিএস টু আইসি		০২-৮১৮১২১১
১১.	জনাব মোঃ শাহ আলম	জনসংযোগ কর্মকর্তা		০২-৯১৩৭৩৩২
১২.	জনাব মোঃ সালাহ উদ্দিন	সহকারী পরিচালক (প্রশিক্ষণ)		০২-৮১৮১২১৯
১৩.	জনাব হেলাল আহমেদ	সহকারী পরিচালক (প্রশাসন)		০২-৮১৮১২১৬
১৪.	জনাব মোঃ গোলাম কিবরিয়া	ব্যক্তিগত কর্মকর্তা		
১৫.	লাবণী সরকার	ব্যক্তিগত কর্মকর্তা		
১৬.	মুন্না রানী শর্মা	ব্যক্তিগত কর্মকর্তা		
১৭.	জনাব মোহাম্মদ ইসমাইল হোসেন	সহকারী গবেষণা কর্মকর্তা		
১৮.	জনাব আসমা আক্তার	লাইব্রেরীয়ান		
১৯.	জনাব মোঃ কহিনুর ইসলাম	হিসাব রক্ষক		
২০.	জনাব মোঃ জাবির বিন আহসান	অফিস সুপার		
২১.	জনাব মোঃ মিজানুর রহমান	কম্পিউটার অপারেটর		
২২.	জনাব মোঃ সাজিদুল ইসলাম	কম্পিউটার অপারেটর		
২৩.	জনাব মোঃ আবু রায়হান	ব্যক্তিগত সহকারী		
২৪.	জনাব শারমিন সুলতানা	উচ্চমান সহকারী		
২৫.	জনাব মোঃ সোহেল রানা	সহকারী হিসাবরক্ষক		
২৬.	জনাব মোঃ মামুন	ডাটা এন্ট্রি অপারেটর		
২৭.	মৌ-রানী বিশ্বাস	ডাটা এন্ট্রি অপারেটর		
২৮.	জনাব মোঃ মঞ্জুরুল হাসান কাজল	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক		
২৯.	জনাব মোঃ তানভীর চৌধুরী	পিএ কাম কম্পিউটার অপারেটর		
৩০.	জনাব নজরুল ইসলাম	পিএ কাম কম্পিউটার অপারেটর		
৩১.	জনাব মোঃ সাইদুর রহমান	গাড়ীচালক		
৩২.	জনাব মোঃ সালাউদ্দিন	গাড়ীচালক		
৩৩.	জনাব মোঃ আবুল কালাম	গাড়ীচালক		
৩৪.	জনাব মোঃ জালাল শেখ	গাড়ীচালক		
৩৫.	জনাব মোঃ জিহান প্রাঃ	গাড়ীচালক	দৈনিক পারিশ্রমিকের ভিত্তিতে	
৩৬.	জনাব মোঃ মোক্তার হোসেন	ডেসপাস রাইডার		
৩৭.	জনাব মোঃ রুবেল শেখ	প্রসেস সার্ভার		
৩৮.	জনাব মোঃ জামিল হোসেন	জমাদার		
৩৯.	জনাব মোঃ মাহাবুবুর রহমান	অর্ডারলি		
৪০.	শ্রী-রাজু	ক্লিনার	দৈনিক পারিশ্রমিকের ভিত্তিতে	
৪১.	শ্রীমতি লতা রানী	ক্লিনার		

অধ্যায় - ২
তথ্য অধিকার আইন বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাদি

অধ্যায় - ২

তথ্য অধিকার আইন বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাদি

২.১ জনঅবহিতকরণ সভা ও প্রশিক্ষণ

তথ্য কমিশনের উদ্যোগে দেশের বিভিন্ন জেলায় জনঅবহিতকরণ সভা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হয়। তথ্য কমিশন প্রতিষ্ঠার পর থেকে ৩১ ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত যেসব জেলায় জনঅবহিতকরণ সভা সম্পন্ন হয়েছে সেগুলো হলো ঃ নারায়নগঞ্জ, কুমিল্লা, গাজীপুর, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, মাগুরা, যশোর, নড়াইল, গোপালগঞ্জ, মাদারীপুর, নরসিংদী, নাটোর, সিরাজগঞ্জ, বরিশাল, চুয়াডাঙ্গা, মেহেরপুর, কুষ্টিয়া, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, বান্দরবান, ব্রাহ্মণবাড়ীয়া, কিশোরগঞ্জ, নেত্রকোনা, ,শেরপুর, ময়মনসিংহ, পঞ্চগড়, রংপুর, সিলেট, রাজশাহী, ঝিনাইদহ, রাঙ্গামাটি, নোয়াখালী, সাতক্ষীরা, খাগড়াছড়ি, খুলনা, কুড়িগ্রাম, পাবনা, জামালপুর, বগুড়া, টাঙ্গাইল, জয়পুরহাট, দিনাজপুর, ঝালকাঠি, পিরোজপুর, শরীয়তপুর, বাগেরহাট, লক্ষীপুর, চাঁদপুর, চট্রগ্রাম, বরগুনা, পটুয়াখালী, ঢাকা, ভোলা, ফেনী, ঠাকুরগাঁও, লালমনিরহাট, গাইবান্ধা, নীলফামারী, মৌলভীবাজার, ও সুনামগঞ্জ জেলা।

বিভাগীয় পর্যায়ে ঢাকা, রংপুর ও সিলেট বিভাগ এবং উপজেলা পর্যায়ে কুমিল্লা আদর্শ সদর, দেলদুয়ার, কুমিল্লা সদর (দক্ষিণ), বুড়িচং, চৌদ্দগ্রাম, ভান্ডারিয়া, নাজিরপুর, লক্ষীপুর সদর, রামগঞ্জ, রায়পুর, চাঁদপুর সদর, ফরিদগঞ্জ, হাজীগঞ্জ, ভাঙ্গুড়া, চাটমোহর, টুঙ্গীপাড়া, চরফ্যাশন ও লালমোহন উপজেলায় জনঅবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

যেসব জেলায় প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে সেগুলো হলোঃ রংপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা, পঞ্চগড়, নীলফামারী, ঠাকুরগাঁও, দিনাজপুর, সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, ঝিনাইদহ, নোয়াখালী, সাতক্ষীরা, খুলনা, পাবনা, জামালপুর, নাটোর, কুমিল্লা, বগুড়া, কক্সবাজার, টাঙ্গাইল, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, ঝালকাঠি, পিরোজপুর, নওগাঁ, শরীয়তপুর, মাদারীপুর, বাগেরহাট, লক্ষীপুর, চাঁদপুর, চট্টগ্রাম, সিরাজগঞ্জ, খাগড়াছড়ি, বরগুনা, পটুয়াখালী, ঢাকা, গোপালগঞ্জ, ভোলা, গাজীপুর ও চাঁপাইনবাবগঞ্জ জেলা।

এছাড়া যেসব উপজেলায় প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে সেগুলো হলোঃ ফেনী জেলার ফেনী সদর, ফুলগাজি, দাগনভূইয়া, টাঙ্গাইল জেলার নাগরপুর, মির্জাপুর, নরসিংদী জেলার পলাশ, রায়পুরা, ঢাকা জেলার ধামরাই, কিশোরগঞ্জ জেলার বাজিতপুর ও হবিগঞ্জ জেলার হবিগঞ্জ সদর।

গোপালগঞ্জ জেলায় তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় জনঅবহিতকরণ সভায় প্রধান তথ্য কমিশনার জনাব মোহাম্মদ ফারুক এবং তথ্য কমিশনের সচিব জনাব মোঃ ফরহাদ হোসেন

ঠাকুরগাঁও জেলায় তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় জনঅবহিতকরণ সভায় প্রধান তথ্য কমিশনার জনাব মোহাম্মদ ফারুক

ফেনী জেলায় তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় জনঅবহিতকরণ সভায় অধ্যাপক ড. সাদেকা হালিম

লালমনিরহাট জেলায় তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় জনঅবহিতকরণ সভায় তথ্য কমিশনের সচিব জনাব মোঃ ফরহাদ হোসেন

২.২ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ

তথ্য অধিকার আইন, ২০০৯ জারি হওয়ার পর হতে তথ্য কমিশনের উদ্যোগে সরকারী-বেসরকারী দপ্তরসমূহকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ প্রদানের জন্য পত্র প্রদান করা হয়। বিভিন্ন ফোরামে আলোচনায় এবং সরকারী/আধাসরকারী পত্রের মাধ্যমে বিভিন্ন মন্ত্রণালয় ও অধিদপ্তরকে এ বিষয়ে তাগিদ প্রদান করা হয়। প্রধান তথ্য কমিশনারের পক্ষ হতে বিভিন্ন মন্ত্রণালয়ের সচিব ও মন্ত্রিপরিষদ সচিব বরাবরে ডি.ও পত্র প্রেরণ করা হয়। তথ্য কমিশনে প্রাপ্ত হিসাব অনুসারে ৩১ ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত সরকারী দপ্তরে ১৪,৬১৩ জন ও বেসরকারী সংস্থায় ৩,৬৬৮ জনসহ সর্বমোট নিয়োগপ্রাপ্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা ১৮,২৮১ জন। সমগ্র দেশ থেকে প্রাপ্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পূর্ণাঙ্গ তালিকা তথ্য কমিশনের ওয়েবসাইটে (www.infocom.gov.bd) আপলোড করা হচ্ছে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উক্ত তালিকা ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে।

তথ কমিশনের ডাটাবেজ অনুযায়ী বছরওয়ারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সংখ্যা

সাল	সরকারী	এনজিও	সংখ্যা
২০১০	৪৬১৬	১১৩৪	৫৭৫০
২০১১	৩২২২	১৩৩৮	৪৫৬০
২০১২	২২৪৬	৬১৩	২৮৫৯
২০১৩	৪৫২৯	৫৮৩	৫১১২
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সংখ্যা	১৪৬১৩ জন	৩৬৬৮ জন	মোট ১৮২৮১ জন

➢ **২০১০ সালের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা**

সরকারী	৪৬১৬ জন
এনজিও	১১৩৪ জন



➢ ২০১১ সালের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা

সরকারী	৩২২২ জন
এনজিও	১৩৩৮ জন



➢ ২০১২ সালের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা

সরকারী	২২৪৬ জন
এনজিও	৬১৩ জন

➢ ২০১৩ সালের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা

সরকারী	৪৫২৯ জন
এনজিও	৫৮৩ জন

তথ্য কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই)

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নাম ও পদবী	*যোগাযোগের ঠিকানা*	*আপীল কর্তৃপক্ষ (আরটিআই) এর নাম ও পদবী*	*যোগাযোগের ঠিকানা*
মোঃ সালাহ উদ্দিন সহকারী পরিচালক (প্রশিক্ষণ)	ফোনঃ ০২-৮১৮১২১৯ ফ্যাক্সঃ ০২-৯১১০৬৩৮ মোবাইলঃ ০১৭১০-৬৮৫৯৮৭ ই-মেইলঃ doinfocom@gmail.com	জনাব মোঃ ফরহাদ হোসেন সচিব	ফোনঃ ০২-৯১১১৫৯০ ফ্যাক্সঃ ০২-৯১১০৬৩৮ মোবাইলঃ ০১৮১১১১৬২৮৪৬ ই-মেইলঃ hmforhad1@gmail.com

তথ্য কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ২০১৩ সালে মোট ২৪টি তথ্য প্রাপ্তির আবেদনের প্রেক্ষিতে তথ্য সরবরাহের মাধ্যমে সবকটি তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করা হয়েছে। এছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে আপীলের সংখ্যা ০৩টি। শুনানীর মাধ্যম ০৩টি আপীল আবেদনই নিষ্পত্তি করা হয়েছে। তথ্য মূল্য বাবদ আদায় হয়েছে ৩৭৮/- (তিনশত আটাত্তর) টাকা।

তথ্য মূল্য সরকারী কোষাগারে জমা প্রদানের কোড নম্বর নিম্নরূপ ঃ

১	৩	৩	০	১	০	০	০	১	১	৮	০	৭

২.৩ জেলা পর্যায় ও অন্যান্য পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের প্রশিক্ষণ

তথ্য কমিশন সমগ্র দেশে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন করে চলছে। জেলা ও উপজেলা প্রশাসনের সহযোগিতায় জেলা ও উপজেলা পর্যায়ে এবং তথ্য কমিশনের উদ্যোগে তথ্য কমিশনে এসব প্রশিক্ষণ আয়োজন করা হয়। রংপুরে রংপুর বিভাগের আটটি জেলার ৪৩৪ জন, সিলেটে সিলেট বিভাগের চারটি জেলার ২৬১ জন, ঝিনাইদহ জেলায় ১৬৫ জন, সাতক্ষীরা জেলায় ২০৪ জন, খুলনা জেলায় ১০২ জন, নোয়াখালী জেলায় ৮৮ জন, পাবনা জেলায় ১৭৩ জন, জামালপুর জেলায় ১২৮ জন, নাটোর জেলায় ৮৯ জন, কুমিল্লা জেলায় ৩৯৮ জন, বগুড়া জেলায় ১৩১ জন, কক্সবাজার জেলায় ১৫৫ জন, টাঙ্গাইল জেলায় ৩৪৪ জন, রাঙ্গামাটি জেলায় ৮৬ জন, রাজশাহী জেলায় ১৮৩ জন, জয়পুরহাট জেলায় ৭১ জন, ঝালকাঠি জেলায় ১১৪ জন, পিরোজপুর জেলায় ১৪৮ জন, নওগাঁ জেলায় ১০১ জন, শরিয়তপুর জেলায় ৬২ জন, মাদারীপুর জেলায় ৯৮ জন, বাগেরহাট জেলায় ১০৯ জন, লক্ষ্মীপুর জেলায় ১০৪, চাঁদপুর জেলায় ৯৫ জন, চট্টগ্রাম জেলায় ১৪১, সিরাজগঞ্জ জেলায় ১২৫ জন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে তথ্য অধিকার আইনের ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তথ্য কমিশনে ২০১০ সালে ১৫২ জন এবং ২০১১ সালে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের ৫২ জন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে তথ্য অধিকার আইনের ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

অনেক ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বদলিজনিত কারণে তথ্য প্রদানের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হয় এবং তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করার জন্য তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ছাড়াও অন্যান্য কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানের বিষয়ে তথ্য কমিশন সিদ্ধান্ত গ্রহণ করে। এরূপ সিদ্ধান্তের প্রেক্ষিতেই ২০১৩ সাল থেকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ছাড়াও অন্যান্য কর্মকর্তা এবং শিক্ষক, সাংবাদিক, মসজিদের ইমামগণকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

২০১৩ সালে জেলা পর্যায়ে ঠাকুরগাঁও জেলায় ১৭১ জন, পঞ্চগড় জেলায় ১৮০ জন, মৌলভীবাজার জেলায় ২০১ জন, সুনামগঞ্জ জেলায় ২০২ জন, খাগড়াছড়ি জেলায় ১০০ জন, বরগুনা জেলায় ৭৯ জন, পটুয়াখালী জেলায় ৮৩ জন, ঢাকা জেলায় ১৯১ জন, গোপালগঞ্জ জেলায় ১০১ জন, ভোলা জেলায় ১৩১ জন, গাজীপুর জেলায় ১০০ জন, চাঁপাইনবাবগঞ্জ জেলায় ১৩২ জন সর্বমোট ১৬৭১ জন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ অন্যান্য কর্মকর্তাদের তথ্য অধিকার আইনের ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

২০১৩ সালে উপজেলা পর্যায়ে ফেনী জেলার ফেনী সদর, ফুলগাজি, দাগনভূইয়া উপজেলায় ২২৯ জন, টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলায় ১০৯ জন ও মির্জাপুর উপজেলায় ১৮১ জন, নরসিংদী জেলার পলাশ উপজেলায় ১৬০ জন ও রায়পুরা উপজেলায় ২৫৭ জন, ঢাকা জেলার ধামরাই উপজেলায় ১৫৩ জন, কিশোরগঞ্জ জেলার বাজিতপুর ১৬০ জন ও হবিগঞ্জ জেলার হবিগঞ্জ সদর উপজেলায় ১৬২ জন সর্বমোট ১৪১১ জন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ অন্যান্য কর্মকর্তাদের তথ্য অধিকার আইনের ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এছাড়া, তথ্য মন্ত্রণালয়ের ৫২ জন ১ম শ্রেণীর কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়ের ৫৫ জন কর্মকর্তা, রাজউক এর ৫৯ জন কর্মকর্তা, ঢাকা মহানগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৯৪ জন শিক্ষক, সাব-এডিটর ১৩২ জন, ঢাকা রিপোর্টার্স ইউনিটি কর্তৃক আয়োজিত ৪৫৮ জন সাংবাদিক, বাংলাদেশ পুলিশ একাডেমী, রাজশাহী, পুলিশ স্টাফ কলেজ, ডিটেকটিভ ট্রেনিং স্কুল, সিআইডি, ঢাকা এর সর্বমোট ৩৫৫ জন্য পুলিশ কর্মকর্তাকে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়। তথ্য কমিশন, মন্ত্রণালয়, জেলা, উপজেলা ও অন্যান্য প্রতিষ্ঠানে সর্বমোট প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা ৪,৩১৩ (২০১২ সন পর্যন্ত) + ৪,১৫৫ (২০১৩ সন পর্যন্ত) = ৮,৪৬৮ জন। তথ্য কমিশন ছাড়াও বিভিন্ন বেসরকারী সংস্থা নিজস্ব উদ্যোগে তথ্য অধিকার আইনের ওপর বিভিন্ন সেক্টরের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করেছে যার তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষিত রয়েছে।

তথ্য মন্ত্রণালয়ের ১ম শ্রেণীর কর্মকর্তাদের তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা

পঞ্চগড় জেলায় তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের প্রশিক্ষণ কর্মশালা

বিয়াম ফাউন্ডেশনে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা

সারদা, রাজশাহীতে বাংলাদেশ পুলিশ একাডেমীতে তথ্য অধিকার আইন, ২০০৯ এর উপর প্রশিক্ষণ প্রদান

তথ্য কমিশনে ১৯-০৫-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে শিক্ষকগণের প্রশিক্ষণ

তথ্য কমিশনে ৩০-০৬-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে শিক্ষকগণের প্রশিক্ষণ

তথ্য কমিশনে ৩০-০৬-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে শিক্ষকগণের প্রশিক্ষণ

তথ্য কমিশনে ১২-১২-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে সাংবাদিকবৃন্দের প্রশিক্ষণ

কিশোরগঞ্জ জেলার বাজিতপুর উপজেলায় তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের প্রশিক্ষণ কর্মসূচী

২.৪ তথ্য কমিশনের নিজস্ব সার্ভার স্টেশন স্থাপন

তথ্য কমিশন নিজস্ব ওয়েবসাইট পরিচালনা ও অন্যান্য দাপ্তরিক কর্মকাণ্ডে তথ্যপ্রযুক্তির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে ২৬,৯৭,২০০/- (ছাব্বিশ লক্ষ সাতানব্বই হাজার দুইশত) টাকা ব্যয়ে নিজস্ব সার্ভার স্টেশন স্থাপন করেছে। দুই হাজার গিগাবাইট এর অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন এ সার্ভার স্টেশনটির স্থাপন কাজ গত ডিসেম্বর, ২০১১ মাসে সম্পন্ন হয়েছে।

ইউএসএইড ও প্রগতির সহযোগিতায় তথ্য কমিশনের তথ্য প্রযুক্তি অবকাঠামো উন্নয়নের প্রকল্প সম্পন্ন হয়। এতে তথ্য কমিশনের বিদ্যমান যন্ত্রাংশের সাথে আরও ১টি সার্ভার, ২টি নেটওয়ার্ক সুইচ, ১টি রাউটার+ ফায়ারওয়াল, ১টি অনলাইন ইউপিএস, ১টি শীতাতপ নিয়ন্ত্রন যন্ত্র, ২টি কম্পিউটার, ১টি Black & White Multifunctionl Common Printer, ১টি Network Color Printer ও কমিশনের বিভিন্ন কক্ষে সুগঠিত Inter Network স্থাপনে ৪৪টি (Node) সংযোগস্থল স্থাপন করা হয়। যার ফলে কমিশনের কম্পিউটার ব্যবহারকারীগণ File Sharing, File Security, Computer Security, Centrally Computer Virus Protection ও File Backup এর সুবিধা সহ সার্ভার থেকে কেন্দ্রিয় ভাবে সকল কম্পিউটার ও তথ্যের সুরক্ষা পাচ্ছে যা কমিশনের কার্যক্রমকে আরও যুগোপযোগী ও বেগবান করেছে।

তাছাড়া তথ্য কমিশনের কর্মকর্তা কর্মচারীগণের জন্য কমিশনের নিজস্ব Domain (www.infocom.gov.bd) এর অনুকূলে ৪৪টি ই-মেইল একাউন্ট চালু করা হয় যা কমিশনের যোগাযোগ ব্যবস্থাকে আরও সুরক্ষিত ও নির্ভরযোগ্য করেছে। এছাড়াও এই প্রকল্পে তথ্য কমিশনের একটি নতুন সমৃদ্ধ ওয়েব পোর্টাল তৈরি করা হয়। যা বর্তমানে চলমান সাইটের স্থলাভিষিক্ত হবে এবং তথ্য অধিকার আইন বাস্তবায়নে আরও তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখবে।

২.৫. কমিশনের ওয়েবসাইট পরিদর্শন

গত ১৯ অক্টোবর ২০১০ মাননীয় প্রধানমন্ত্রী তথ্য কমিশনের ওয়েব সাইট (www.infocom.gov.bd) শুভ উদ্বোধন করেন। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও পরবর্তীতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এ্যাকসেস টু ইনফরমেশন প্রকল্প ও গ্রামীণফোনের সহযোগিতায় তথ্য কমিশন উক্ত ওয়েবসাইট নির্মাণ করে।

উক্ত ওয়েবসাইটে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত সারা দেশ হতে প্রাপ্ত বিভিন্ন সরকারী-বেসরকারী দপ্তরের ১৮,২৮১ জন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তালিকা ও তথ্য আপলোড করা হয়েছে। উক্ত তালিকা নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। ওয়েবসাইটটিতে তথ্য অধিকার আইন ২০০৯, কমিশনের কার্যাবলী, সিদ্ধান্তপত্র, বার্ষিক প্রতিবেদন, নিউজ লেটার, বিভিন্ন প্রকাশনা ও প্রতিবেদন, আপ-কামিং ইভেন্ট, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কর্তব্য, আপীল প্রক্রিয়া, গুরুত্বপূর্ণ কতিপয় বিষয়ের ব্যাখ্যা প্রদান করা আছে এবং তথ্য প্রাপ্তির জন্য আবেদনের পদ্ধতি সহজ ভাবে উপস্থাপন করা হয়েছে। কমিশন নিজস্ব সার্ভার স্থাপন করে ওয়েবসাইটটি আরো উন্নয়নের মাধ্যমে জনগণকে তথ্য অধিকার সংক্রান্ত সেবা প্রদানের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। পৃথিবীর বিভিন্ন দেশ হতে গড়ে ২৩৩ জন ব্যক্তি প্রতিদিন তথ্য কমিশনের ওয়েবসাইট পরিদর্শন করে লাভবান হচ্ছেন।

তথ্য কমিশনের ওয়েবসাইট পরিদর্শন প্রতিবেদনটি পরিশিষ্ট 'খ' তে দেখানো হলো

২.৬ তথ্য অধিকার আইন বাস্তবায়নে মিডিয়ার ভূমিকা

তথ্য অধিকার আইন-২০০৯ এর ব্যাপক প্রচার ও প্রসারের মাধ্যমে গণসচেতনতা সৃষ্টিতে আমাদের প্রচার মাধ্যমগুলো বিশেষতঃ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া উদারতার সাথেই তাদের দায়িত্বপালন করে যাচ্ছে। যখনই কোনো অনুষ্ঠান বা কর্মসূচীর প্রেস কভারেজের জন্য জাতীয় দৈনিকসমূহ, অনলাইন পত্রিকা, নিউজ এজেন্সী, টিভি ও রেডিও চ্যানেলসমূহকে তথ্য কমিশন থেকে আমন্ত্রণ জানানো হয়েছে তখনই তারা সাড়া দিয়ে অনুষ্ঠানের বস্তুনিষ্ঠ প্রচারণা করে যাচ্ছে। ফলে জনগণ পত্রিকা, টিভি ও ইন্টারনেট দেখে কিংবা রেডিও শুনে এ আইন সম্পর্কে অবগত হচ্ছে। ফলে তারা তথ্য জানার অধিকার প্রয়োগ করে নিজেদের ক্ষমতায়িত করতে শুরু করেছেন। এটি একটি চলমান প্রক্রিয়া।

বিটিভি, এটিএন নিউজ, এটিএন বাংলাসহ কিছু টিভি চ্যানেল প্রতিবেদন ও তথ্য কমিশনারদের সাক্ষাৎকার প্রচার করেও এ আইনের প্রচারে অবদান রেখেছে। এজন্য তথ্য কমিশন সংশ্লিষ্ট সকল মিডিয়াকে কৃতজ্ঞতা জানাচ্ছে।

তথ্য অধিকার আইনের উপর প্রকাশিত কিছু পত্রিকার প্রকাশনা পরিশিষ্ট 'গ' তে দেয়া হলো

তথ্য অধিকার আইন প্রচারে সহযোগী প্রধান মিডিয়াসমূহের নাম

পিআইডি, বিএসএস, ইউএনবি, বিবিসি, ভোয়া, দৈনিক ইত্তেফাক, কালের কণ্ঠ, প্রথমআলো, যুগান্তর, সমকাল, সংগ্রাম, নয়াদিগন্ত, আমাদের সময়, যায় যায় দিন, সংবাদ, নওরোজ, স্বাধীনসংবাদ, আজকের জনতা, নরসিংদীর কাগজ, দৈনিক জনসংবাদ, দৈনিক ডান্ডিবার্তা (নারায়নগঞ্জ), লোকসমাজ (যশোর), ডেইলি সান, নিউএজ, নিউজটুডে, মিডিয়া ওয়াচ, ফিনান্সিয়াল এক্সপ্রেস, স্টার, ইন্ডিপেন্ডেন্ট, সাপ্তাহিক ঢাকা কুরিয়ার, প্রোব ম্যাগাজিন, আইস-টুডে, ব্যাংক বীমা অর্থনীতি, বাংলানিউজ২৪ডটকম, বিডিনিউজ২৪ডটকম, বিডি রিপোর্ট২৪, বাংলা৭১, বার্তা২৪, বিটিভি, এটিএন নিউজ, এটিএন বাংলা, চ্যানেল আই, বৈশাখী টিভি, বাংলাভিশন, ইটিভি, সময় টিভি, মাছরাঙ্গা টিভি, আরটিভি মোহনা টিভি, দেশ টিভি, দিগন্ত টিভি, মাইটিভি, ইসলামিক টিভি, এনটিভি, ইনডিপেন্ডন্ট২৪টিভি, চ্যানেল২৪, চ্যানেল৭১, বাংলাদেশ বেতার, রেডিওটুডে, এবিসিরেডিও, রেডিও সুন্দরবনসহ বেশকিছু কমিউনিটি রেডিও ইত্যাদি ।

২.৭ তথ্য অধিকার বাস্তবায়ন বিষয়ক রোডম্যাপ

তথ্য অধিকার আইন বাস্তবায়নকল্পে তথ্য কমিশন ২০১৪ সালের জন্য রোডম্যাপ প্রণয়ন করেছে। রোডম্যাপ অনুসারে তথ্য কমিশন সারা দেশে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ, জনঅবহিতকরণ সভা, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ, অভিযোগ নিষ্পত্তি, জনবল নিয়োগ, স্ব-উদ্যোগে তথ্য প্রকাশ, এসএমএস প্রেরণ, ভয়েস এসএমএস প্রেরণ, টেলিভিশনে স্ক্রল প্রদর্শন, তথ্য অধিকার বিষয়ক জারি গান/নাটিকা প্রচার, ওয়ার্কসপ/সেমিনার আয়োজন, বার্ষিক প্রতিবেদন প্রকাশ, নিউজলেটার প্রকাশ, তথ্য অধিকার বিষয়ক অন্যান্য প্রকাশনা প্রকাশ, তথ্য অধিকার বাস্তবায়ন বিষয়ক গবেষণাকর্ম সম্পাদন প্রভৃতি বিষয়ে কর্মকা- পরিচালনা ও অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তথ্য কমিশন নিরলস ভাবে কাজ করে যাচ্ছে ।

২.৮ তথ্য অধিকার আইন ও তথ্য অধিকার বিষয়ক প্রকাশনা বিতরণ

তথ্য কমিশনের উদ্যোগে সারা দেশে মন্ত্রণালয় হতে উপজেলা পর্যন্ত সরকারী দপ্তরসমূহে তথ্য অধিকার আইন ও এতদ্সংক্রান্ত অন্যান্য প্রকাশনা বিতরণ করা হয়। ২০১২ সালের বার্ষিক প্রতিবেদন জাতীয় সংসদ সদস্যগণের জন্য, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলায় এবং সংবাদ পত্র/নিউজ এজেন্সি, টেলিভিশন চ্যানেল, রেডিও/কমিউনিটি রেডিও সমূহের জন্য প্রেরণ করা হয়েছে। তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী প্রস্তুতকৃত তথ্য প্রাপ্তির আবেদন ফরম, আপীল আবেদন ফরম, অভিযোগ দায়েরের ফরম বিতরণের জন্য দেশের সকল জেলায়, মন্ত্রনালয়ে এবং বিভাগীয় কমিশনারগণের নিকট প্রেরণ করা হয়। ২০১৩ সালে জেলা পর্যায়ে ঠোকুরগাঁও, পঞ্চগড়, মৌলভীবাজার, সুনামগঞ্জ, খাগড়াছড়ি, বরগুনা, পটুয়াখালী, ঢাকা, গোপালগঞ্জ, ভোলা, গাজীপুর, চাঁপাইনবাবগঞ্জ জেলা এবং উপজেলা পর্যায়ে ফেনী জেলার ফেনী সদর, ফুলগাজি, দাগনভূইয়া উপজেলা, টাঙ্গাইল জেলার নাগরপুর, মির্জাপুর উপজেলা, নরসিংদী জেলার পলাশ, রায়পুরা উপজেলা, ঢাকা জেলার ধামরাই উপজেলা, কিশোরগঞ্জ জেলার বাজিতপুর উপজেলা, হবিগঞ্জ জেলার হবিগঞ্জ সদর উপজেলা এবং তথ্য মন্ত্রণালয়ে, রেলপথ মন্ত্রণালা, রাজউক, ঢাকা মহানগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের প্রশিক্ষণ, সাব-এডিটর, ঢাকা রিপোর্টারস ইউনিটি কর্তৃক আয়োজিত সাংবাদিকদের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের মাঝে তথ্য অধিকার আইন, ২০০৯ এর বই বিতরণ করা হয়। এছাড়া ২০১৩ সালে বরগুনা, পটুয়াখালী, ঢাকা, ভোলা, ফেনী, ঠাকুরগাঁও, লালমনিরহাট, গাইবান্ধা, নীলফামারী, মৌলভীবাজার, ও সুনামগঞ্জ জেলা এবং টুঙ্গীপাড়া, চরফ্যাশন ও লালমোহন উপজেলায় জনঅবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। উক্ত জনঅবহিতকরণ সভায় উপস্থিত সকলের মাঝে তথ্য অধিকার আইন, ২০০৯ এর বই বিতরণ করা হয় ।

২.৯ তথ্য কমিশনের কর্মতৎপরতা

প্রধান তথ্য কমিশনার এর কর্মতৎপরতা

- ০৮ জানুয়ারী ২০১৩ তারিখে তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ে বাংলাদেশ বেতারে এক সাক্ষাৎকারে অংশগ্রহন করেন।
❖ মাননীয় তথ্য কমিশনার অধ্যাপক ড. সাদেকা হালিম গত ১৮/০৯/২০১৩ থেকে ২০/০৯/২০১৩ পর্যন্ত Task Force- ICIC 2013' কর্তৃক আয়োজিত '8th International Commissioners ICIC, Barlin, Germany, 18-20 September 2013' শীর্ষক প্রোগ্রামে অংশ গ্রহণ করেন। উক্ত কনফারেন্স - এ বিশ্বের বিভিন্ন দেশ থেকে আগত প্রায় ৯০ টি দেশের তথ্য কমিশনারগণ যোগদান করেন। এই কনফারেন্সে বিভিন্ন দেশের তথ্য অধিকার আইনের বাস্তবায়ন, সমস্যা ও সম্ভাবনা প্রভৃতি বিষয় নিয়ে আলোচনা করা হয়।

'৮ম আন্তর্জাতিক কমিশনারদের কনফারেন্সে' বার্লিনে বিভিন্ন দেশ আগত তথ্য কমিশনারদের সাথে আলোচনারত অধ্যাপক ড. সাদেকা হালিম

বার্লিনে বিভিন্ন দেশের কমিশনারদের সাথে অধ্যাপক ড. সাদেকা হালিম

দিল্লী, ভারত

❖ গত ০৭/১১/২০১৩ খ্রিঃ তারিখে New Delhi তে অনুষ্ঠিত The Society for Policy Studies (SPS) কর্তৃক আয়োজিত "Conference on Bangladesh: Prospects of Democratic Consolidation, New Delhi, India, 7 November 2013" শীর্ষক প্রোগ্রামে অংশ গ্রহন করেন। উক্ত কনফারেন্স এর মূল উদ্দেশ্য ছিল বাংলাদেশের গণতন্ত্রকে সুদৃঢ়করণ এবং সম্ভাবনা নিয়ে আলোচনা করা। কনফারেন্সে তথ্য কমিশনার অধ্যাপক ড.সাদেকা হালিম বাংলাদেশের একজন মনোনীত সদস্য হিসেবে Whether Fundamentalism affects women most? শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন। প্রবন্ধে বাংলাদেশের নারীদের আর্থ সামাজিক অবস্থার উপর মৌল-বাদের প্রভাব এবং দক্ষিণ এশিয়ায় নারীদের তথ্য অধিকার আইন ব্যবহারের উপর প্রাধান্য দেয়া হয়।

ব্রাসেলস, বেলজিয়াম

❖ European People Party (EPP) কর্তৃক আয়োজিত গত ০৫/১২/২০১৩ খ্রিঃ তারিখে Brussels এ অনুষ্ঠিত- "Hearing on Bangladesh Towards Free and Fair National Election. on December 5, 2013" শীর্ষক প্রোগ্রামে অংশগ্রহন করেন। উক্ত শুনানীতে Distinguished members of European parliament, representative of the European External Action Service (EEAS), representatives from Bangladesh Awami League and Bangladesh Nationalist Party together with young activists as well as representatives of the south Asia Democratic, Forum Scholars from the South Asia Institute of the University of the Heidelberg এর সম্মানিত ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। তথ্য কমিশনার অধ্যাপক ড. সাদেকা হালিম উক্ত Hearing এর একজন সদস্য প্যানেল আলোচক হিসেবে অংশ গ্রহণ করেন। উক্ত শুনানীতে বক্তব্যে রাজনৈতিক পরিস্থিতি পর্যালোচনা এবং গণতন্ত্র সুসংহতকরণে তথ্য কমিশন এবং মানবাধিকার কমিশনের ভূমিকা উল্লেখ করেন।

বেলজিয়ামের, ব্রাসেলস-এ বাংলাদেশের প্যানেল আলোচক হিসেবে অংশ গ্রহণ করেন

বেলজিয়ামের, ব্রাসেলস-এ ইউরোপিয়ান পার্লামেন্টে বাংলাদেশের বর্তমান গণতন্ত্রের অবস্থা, সমস্যা ও সম্ভাবনা নিয়ে আলোচনারত তথ্য কমিশনার অধ্যাপক ড. সাদেকা হালিম

তথ্য কমিশনের সচিব মো: ফরহাদ হোসেন কর্তৃক সম্পাদিত বিভিন্ন জেলা ও উপজেলায় তথ্য অধিকার আইন বিষয়ক প্রশিক্ষণ ও জনঅবহিতকরণ সভা

৩০-০১-২০১৩	খাগড়াছড়ি তৃণমূল উন্নয়ন সংস্থা কর্তৃক আয়োজিত **"গণতন্ত্র ও সুশাসন প্রতিষ্ঠায় তথ্য অধিকার আইন"** শীর্ষক কর্মশালায় অংশগ্রহণ এবং ৩১-০১-২০১৩ তারিখে খাগড়াছড়ি জেলা প্রশাসনের সহায়তায় খাগড়াছড়ি জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার আইন সম্পর্কিত ১ দিনের প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণ ।
১৯/০২/২০১৩	সকাল ১০:৩০ টা থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত বরগুনা জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ কর্মসূচীতে এবং বিকাল ২:৩০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত বরগুনা জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত জনঅবহিতকরণ সভায় অংশগ্রহণ করেন।
২০/০২/২০১৩	সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত পটুয়াখালী জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জনঅবহিতকরণ সভায় অংশগ্রহণ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করেন।
২৫/০২/২০১৩	প্রধান তথ্য কমিশনার জনাব মোহাম্মদ ফারুক এবং তথ্য কমিশনার জনাব এম এ তাহেরের সাথে ঢাকা জেলা প্রশাসকের সহায়তায় ঢাকা জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার আইন বিষয়ক প্রশিক্ষণ প্রদান অনুষ্ঠানে যোগদান।
০৮/০৩/২০১৩	প্রধান তথ্য কমিশনার এর সাথে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে সকাল ১০.০০ ঘটিকা থেকে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত ১ দিন ব্যাপী গোপালগঞ্জ জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান ও বিকাল ০৪.০০ ঘটিকা থেকে বিকাল ০৫.৩০ ঘটিকা পর্যন্ত টুঙ্গীপাড়া উপজেলায় জনঅবহিতকরণ সভায় যোগদান।
২৯/০৩/২০১৩	ভোলা জেলার অন্তর্গত চরফ্যাশন উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে জনঅবহিতকরণ সভায় যোগদান ।
৩০/০৩/২০১৩	সকাল ১০.০০ ঘটিকায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে সকাল ১০.০০ ঘটিকা থেকে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত ভোলা জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান ও দুপুর ০২.৩০ ঘটিকা থেকে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত জনঅবহিতকরণ সভায় অংশগ্রহণ। এ কর্মসূচীতে প্রধান তথ্য কমিশনারও উপস্থিত ছিলেন।
০৫/০৫/২০১৩	গাজীপুর জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় গাজীপুর সিটি কর্পোরেশনের অডিটোরিয়ামে সকাল ১০.৩০ ঘটিকা থেকে দুপুর ০১.৩০ ঘটিকা পর্যন্ত প্রধান তথ্য কমিশনার এর সাথে জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ কর্মসূচীতে যোগদান ।
১৬/০৮/২০১৩	লালমনিরহাট শিল্পকলা একাডেমী মিলনায়তনে আয়োজিত জনঅবহিতকরণ সভায় অংশগ্রহণ। লালমনিরহাট জেলার বিভিন্ন পর্যায়ের ১৬৩ জন এ জনঅবহিতকরণ সভায় অংশগ্রহণ করেন।
১৭/০৮/২০১৩	গাইবান্ধা জেলায় অনুষ্ঠিত তথ্য অধিকার আইন-২০০৯ সর্ম্পকিত জনঅবহিতকরণ সভায় অংশগ্রহণ। গাইবান্ধা জেলার জনঅবহিতকরণ সভায় মোট ১৬৪ জন অংশগ্রহণ করেন।
১৮/০৮/২০১৩	তথ্য অধিকার আইন-২০০৯ সর্ম্পকিত জনঅবহিতকরণ সভায় অংশগ্রহণ করেন। নীলফামারী জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে জনঅবহিত করণ সভাটি অনুষ্ঠিত হয় এবং ২০৯ জন এ সভায় অংশগ্রহণ করেন।
০৩/১০/২০১৩	চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসকের সহায়তায় এর সম্মেলন কক্ষে প্রধান তথ্য কমিশনার এ সাথে তথ্য অধিকার আইন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয় । এ প্রশিক্ষণ প্রদান অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীর সংখ্যা ছিল ১৩২ জন।
০৫/০৯/২০১৩	কিশোরগঞ্জ জেলার বাজিতপুর উপজেলায় তথ্য অধিকার আইন সম্পর্কে তথ্য প্রদানকারী ইউনিটের (সরকারী ও এনজিও) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদান।
২১/১১/২০১৩	মৌলভীবাজার জেলায় তথ্য অধিকার আইন,২০০৯ বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণ।
২৩/১১/২০১৩	সুনামগঞ্জ জেলায় জেলা প্রশাসনের সহায়তায় তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন।

তথ্য কমিশনের সচিব মো: ফরহাদ হোসেন কর্তৃক অংশগ্রহণকৃত বিভিন্ন সভা/অনুষ্ঠানের সংক্ষিপ্তসার

২৫ ফেব্রুয়ারী, ২০১৩	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃপক্ষের আমন্ত্রণক্রমে তথ্য অধিকার আইনের উপরে প্রশিক্ষণ প্রদান করেন । এ প্রশিক্ষণ প্রদান অনুষ্ঠানে তথ্য কমিশনার জনাব এম এ তাহের উপস্থিত ছিলেন ।
১৮ ডিসেম্বর ২০১৩	সরকারী ও বেসরকারী পর্যায়ে গণমাধ্যমের কর্মকর্তা এবং কলাকুশলীদের পেশাগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি এবং কাজের গুণগতমান উন্নয়নে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে "রাইট টু ইনফরমেশন অ্যাক্ট" বিষয়ে বিষয়বোদ্ধা হিসেবে অংশগ্রহণ করেন ।
২৬ জুন ২০১৩	তথ্য মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ প্রদান অনুষ্ঠানে তথ্য মন্ত্রণালয় এবং এর অধীনস্থ সকল প্রতিষ্ঠানের ১ম শ্রেণীর সকল কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদান করা হয় ।
২৬ সেপ্টেম্বর ২০১৩	রেলওয়ে মন্ত্রণালয় কর্তৃপক্ষের আমন্ত্রণে রেল মন্ত্রণালয় ও এর অধীনস্থ কর্মকর্তাদের কে তথ্য অধিকার আইন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয় ।
৩০ সেপ্টেম্বর ২০১৩	রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ এর অডিটোরিয়ামে তথ্য অধিকার আইন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয় ।
২৬ জুন, ২০১৩	তথ্য কমিশনার জনাব এ এ তাহেরে সাথে ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ) কর্তৃপক্ষের আমন্ত্রণক্রমে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ক সাংবাদিক কর্মশালায় অনুষ্ঠানে অংশগ্রহণ ।
১৯-০৫-২০১৩	ঢাকা মহানগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দকে তথ্য অধিকার আইন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয় ।
৩০-০৬-২০১৩	ঢাকা মহানগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দকে তথ্য অধিকার আইন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয় ।

২.১০ স্ব-প্রণোদিত তথ্য প্রকাশে তথ্য কমিশনের ভূমিকা

তথ্য অধিকার আইন, ২০০৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধিান মালা, ২০১০ এর আলোকে স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকা চূড়ান্ত করার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়ের A2I প্রজেক্ট, মানুষের জন্য ফাউন্ডেশন এবং তথ্য কমিশনের সমন্বয়ে ১৩-০৮-২০১৩ তারিখে কমিশনের সম্মেলন কক্ষে সভা অনুষ্ঠিত হয় । উক্ত সভায় উপস্থাপিত খসড়া স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকাটি সর্বসম্মতিক্রমে চূড়ান্ত করা হয় এবং কমিশনের পরবর্তী সভায় অনুমোদনের নিমিত্ত উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত ।

[তথ্য অধিকার আইন, ২০০৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর আলোকে প্রণীত-
স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকা নিম্নে উল্লেখ করা হলো]

১ । তথ্য অধিকার আইন, ২০০৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর সাথে সংগতি রেখে প্রত্যেক কর্তৃপক্ষ স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ ও প্রচারের একটি নির্দেশিকা প্রস্তুত করবে এবং তদানুযায়ী তথ্য প্রকাশ ও প্রচার করবে ।

২ । কর্তৃপক্ষ স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ ও প্রচারের উক্ত নির্দেশিকা ওয়েব সাইটে প্রকাশ করবে ।

৩ । ওয়েবসাইটসমূহ প্রতিবন্ধীদের ব্যবহার উপযোগী করে তৈরি করতে হবে ।

৪ । ওয়েবসাইটে প্রকাশিত তথ্যাবলী অবশ্যই ইউনিকোড স্ট্যান্ডার্ড ব্যবহার করে বাংলায় প্রকাশ করতে হবে । ওয়েবসাইটের কারিগরি দিকসমূহ সরকার অনুমোদিত ইন্টারঅপারেবিলিটি গাইডলাইনের আলোকে প্রস্তুত করতে হবে ।

৫ । কর্তৃপক্ষ কর্তৃক নাগরিকের জন্য প্রদেয় সকল সেবার বিবরণ ও সেবা প্রাপ্তির ধাপসমূহ ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ করতে হবে ।

৬। তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর তফসিল ১ এবং ২ এর কলাম ২ এ বর্ণিত সকল তথ্য (যথা- সাংগঠনিক কাঠামো ও কার্যক্রম, কার্যপ্রণালী ও দায়িত্ব, সিদ্ধান্ত গ্রহণ পদ্ধতি, জবাবদিহিতা, কর্মকর্তা ও কর্মচারীদের ডিরেক্টরি, তথ্য প্রদান ইউনিট সম্পর্কিত তথ্য, আপীল কর্তৃপক্ষের তথ্য এবং তথ্য কমিশনের তথ্য ইত্যাদি) ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

৭। কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত নতুন কোন আইন, বিধি-বিধান, নির্দেশনা, ম্যানুয়াল, ডকুমেন্ট, রেকর্ড এবং প্রাসঙ্গিক বিষয়াদি অনুমোদিত হবার সাথে সাথে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

৮। কর্তৃপক্ষ তথ্য অধিকার আইন, ২০০৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর আলোকে যে সকল তথ্য নাগরিকদের জন্য উন্মুক্ত নয় তার একটি তালিকা প্রস্তুত করবে এবং তা ওয়েবসাইটে প্রকাশ করবে।

৯। কর্তৃপক্ষ তথ্য অধিকার আইন, ২০০৯ এর সাথে সংগতি রেখে ইলেকট্রনিক পদ্ধতিতে সেবা প্রদান করবে।

১০। কর্তৃপক্ষ ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করবে এবং ওয়েবসাইটের প্রতিটি পাতার উপরের দিকের ডানপাশে বাধ্যতামূলকভাবে তথ্য হালনাগাদের সর্বশেষ তারিখ প্রকাশ করবে।

১১। তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নাগরিকদের তথ্য প্রাপ্তির আবেদন ও নিষ্পত্তির হালনাগাদ তথ্য ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

১২। কর্তৃপক্ষ ওয়েবসাইটের সাথে নিউ মিডিয়ার (ব্লগ, সামাজিক সাইট ইত্যাদি) যোগসূত্র স্থাপন করবে এবং জনসাধারণের জন্য উন্মুক্ত তথ্যাবলীর প্রচারে নিউ মিডিয়াকে ব্যবহার করবে।

১৩। কর্তৃপক্ষ স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকার আলোকে কতটুকু তথ্য ওয়েবসাইটসহ অন্যান্য মাধ্যমে প্রকাশ করেছে তা তৃতীয় পক্ষের মাধ্যমে প্রতিবছর নিরীক্ষা করতে হবে। কর্তৃপক্ষ অডিট রিপোর্টটি প্রতিবছর তথ্য কমিশনে প্রেরণ করবে। তথ্য কমিশন অডিট রিপোর্টের আলোকে কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ/দিক-নির্দেশনা প্রদান করবে।

১৪। তথ্য কমিশন প্রতিবছর নমুনার ভিত্তিতে কয়েকটি কর্তৃপক্ষের স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকা ব্যবহারের অগ্রগতি বিষয়ক নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করবে।

১৫। কর্তৃপক্ষ স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের নিরীক্ষা কার্যক্রম পরিচালনার সম্ভাব্য ব্যয় বাজেটে অন্তর্ভুক্ত করবে।

১৬। কর্তৃপক্ষ বছরে অন্তত একবার তথ্য ও সেবা সম্পর্কিত নাগরিক সভা করবে এবং সভা সম্পর্কিত সকল তথ্য ওয়েবসাইটে প্রকাশ করবে।

১৭। কর্তৃপক্ষ তাদের নিয়মিত মাসিক সমন্বয় সভায় স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ ও প্রচারের বিষয় আলোচ্যসূচিতে অন্তর্ভূক্ত করবে।

১৮। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬ ধারার সাথে সংগতি রেখে কর্তৃপক্ষ বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ করবে।

১৯। কর্তৃপক্ষ তথ্য প্রদানকারী কর্মকর্তা এবং আপীল কর্মকর্তার নাম, পদবী, ই-মেইল ও ফোন নম্বর (যদি থাকে) ওয়েবসাইটে প্রকাশ করবে।

২০। মন্ত্রণালয়/বিভাগ, জেলা ও উপজেলাসমূহে গঠিত ইনোভেশন টিম স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকা বাস্তবায়নের বিষয় তত্ত্বাবধান করবে।

স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের মাধ্যম হিসাবে তথ্য কমিশনের উদ্যোগে লালমনিরহাট ও সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ে স্থাপিত বিলবোর্ড

২.১১ তথ্য অধিকার ও সামাজিক দায়বদ্ধতা

তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে তথ্য প্রাপ্তির অধিকার সম্পর্কে ব্যাপক গণসচেতনতা গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশের অন্যতম মোবাইল ফোন অপারেটর "গ্রামীণফোন", "রবি এক্সিয়াটা লিমিটেড" ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের "A2I Project" এবং তথ্য কমিশন এর মধ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। এছাড়া FRIEDRICH NAUMANN STIFTUNG FUR DIE FREIHEIT (FNF) এর সাথে (MoC) স্বাক্ষরিত হয়েছে। "গ্রামীণফোন" ও "রবি এক্সিয়াটা লিমিটেড" তথ্য অধিকার সংক্রান্ত কয়েক কোটি গণসচেতনতামূলক মোবাইল মেসেজ তাদের গ্রাহকদের মাঝে পাঠিয়ে দিয়ে বিরাট দায়িত্বপালন করেছে।

ক. বেসরকারী মোবাইল অপারেটর 'গ্রামীণফোন' ঃ

তথ্য কমিশন বেসরকারী মোবাইল কোম্পানী গ্রামীণ ফোন অপারেটর, গ্রামীণফোন এর সাথে তথ্য অধিকার বিষয়ক প্রচারণার কাজ এগিয়ে নিতে MoU স্বাক্ষর করে। উক্ত সমঝোতা স্মারকের প্রেক্ষিতে গত এক বছরে গ্রামীণ ফোন তথ্য অধিকার বিষয়ক যে সকল প্রচারণামূলক কার্যক্রম সম্পাদন করেছে তা পরিশিষ্ট 'ঘ' তে দেখানো হলো।

২.১২ তথ্য কমিশন ও বেসরকারী সংগঠনসমূহের যৌথ কর্মকাণ্ড ঃ

তথ্য অধিকার আইন, ২০০৯ জারি ও তথ্য কমিশন গঠন হওয়ার পর হতে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক এবং বেসরকারী সংস্থা তথ্য অধিকার আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে সহায়তা প্রদান করে যাচ্ছে।

ক. তথ্য জানার অধিকার দিবস

সারাবিশ্বব্যাপী আনুষ্ঠানিকভাবে পালনের অংশ হিসেবে গত ২৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষেতথ্য কমিশন এই প্রথমবারের মতো দেশব্যাপী ব্যাপক কর্মসূচি হাতে নেয়।

এদিন দৈনিক ও আঞ্চলিক ১৭টি পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ, নিয়মিত ত্রৈমাসিক প্রকাশনার অংশ হিসেবে বিশেষ নিউজলেটার এর প্রথম সংখ্যা প্রকাশ, ঢাকায় বর্ণাঢ্য শোভাযাত্রা এবং জাতীয় উন্নয়ন একাডেমী মিলনায়তনে তথ্যমন্ত্রীর উপস্থিতিতে আলোচনাসভা, ঢাকার প্রধান সড়কসমূহ সজ্জিতকরণ, জেলা প্রশাসন কর্তৃক ৬৪ জেলায় তথ্যমেলা, শোভাযাত্রা ও আলোচনাসভা অনুষ্ঠান, সারাদেশে প্রচারণামূলক পোস্টার ও স্টিকার বিতরণ ছাড়াও রেডিও-টিভিতে বিশেষ অনুষ্ঠান প্রচারিত হয়।

উল্লেখ্য যে, ঢাকায় বর্ণাঢ্য শোভাযাত্রাটি ২৮ সেপ্টেম্বর সকাল ৯:৩০ ঘটিকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি প্রাঙ্গণ থেকে শুরু হয়ে জাতীয় উন্নয়ন একাডেমী মিলনায়তনের আলোচনা সভাস্থলে গিয়ে সমাপ্ত হয়।

প্রধান তথ্য কমিশনার মোহাম্মদ ফারুক এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু, বিশেষ অতিথি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি আ আ ম স আরেফিন সিদ্দিক ছাড়াও অন্যান্যের মধ্যে আলোচক হিসেবে যোগ দেন যথাক্রমে তথ্য কমিশনার মোহাম্মদ আবু তাহের ও অধ্যাপক ডঃ সাদেকা হালিম, টিআইবি'র নির্বাহী পরিচালক ডঃ ইফতেখারুজ্জামান, নাগরিক উদ্যোগের নির্বাহী পরিচালক জাকির হোসেন, রিসার্চ ইনিশিয়েটিভ এর সহকারী পরিচালক সুরাইয়া বেগম এবং অন্যান্য এনজিও প্রতিনিধিগণ।

সভায় মূলপ্রবন্ধ পেশ করেন আর্টিকেল ১৯ এর দক্ষিণ এশিয়ার পরিচালক তাহমিনা রহমান।

আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবস উপলক্ষ্যে অনুষ্ঠিত র‍্যালি

আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবস উপলক্ষ্যে আলোচনা সভা

আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবস উপলক্ষ্যে আলোচনা সভা

আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবস উপলক্ষ্যে আলোচনা সভা

আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবস উপলক্ষ্যে তথ্য কমিশনের স্টল

আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবসে কর্মকর্তা, কর্মচারীবৃন্দ

খ. এফএনএফ

বেসরকারী সংগঠন FNF (FRIEDRICH NAUMANN STIFTUNG FUR DIE FREIHEIT) ও তথ্য কমিশন এর সাথে স্বাক্ষরিত MoC (Memorandum of Co-operation) এর প্রেক্ষিতে বছরব্যাপী যৌথভাবে বিভিন্ন কর্মসূচী পালন করা হয়ঃ

Launching Ceremony of a Report on "Stakeholders' Perception Survey on the Functioning of the Information Commission in implementing the Right to Information ACT 2009"

Dhaka; November 2013

Partner: Bangladesh Enterprise Institute (BEI)

Number of participants: 30

To disseminate the findings with participation from the Information Commission Bangladesh, policymakers, government representatives, civil society and media. The report highlights the successes of the Information Commission as well as identifies the concerns of various stakeholders that deserve attention.

Workshop on "Right to Information Act 2009" training for RAJUK's Officials

Dhaka; September 2013

Partner: Information Commission, Bangladesh

Number of participants: 80

Rajdhani Unnayan Kartripakkha (RAJUK) is literally the Capital Development Authority of the Government of Bangladesh. The need of transparency is eagerly awaited as public continuously seek answers to Bangladesh's capital development.

Closing Ceremony of Workshop on "Right to Information Act 2009" training for Ministry of Railway's Officials

Dhaka; September 2013

Partner: Information Commission, Bangladesh

Number of participants: 50

The closing ceremony of a 10 series training programme on Right to Information Act 2009 for media stakeholders in the presence of Honorable Information Minister Hasanul Haq Inu.

Workshop on "Right to Information Act 2009" training for Ministry of Railway's Officials

Dhaka; September 2013

Partner: Information Commission, Bangladesh

Number of participants: 60

The first Right to Information Act 2009 training for Ministry of Railway's Officials.

Workshop on "Right to Information Act 2009" training for Journalists
Dhaka; July 2013
Partner: Information Commission, Bangladesh
Number of participants: 50
Third out of a 10 series training programme on Right to Information Act 2009 for media stakeholders.

Workshop on "Right to Information Act 2009" training for Journalists
Dhaka; July 2013
Partner: Information Commission, Bangladesh
Number of participants: 50
Second out of a 10 series training programme on Right to Information Act 2009 for media stakeholders.

Workshop on "Right to Information Act 2009" training for Journalists
Dhaka; July 2013
Partner: Information Commission, Bangladesh
Number of participants: 50
First out of a 10 series training programme on Right to Information Act 2009 for media stakeholders.

Orientation and Training of Government Officials Responsible for Implementing RTI Law at the Local Level
Nagarpur, Tangail; June 2013
Partner: Information Commission, Bangladesh
Number of participants: 109
Not only the first training on Right to Information Act 2009 at an upazila level, but also the first attention towards on the private sector group.

তথ্য কমিশনের উদ্যেগে ও এফএনএফ এর সৌজন্যে বিভাগীয় শহরে স্থাপিত বিলবোর্ড (সিলেট ও চট্টগ্রাম বিভাগ)

তথ্য কমিশনের উদ্যেগে ও এফএনএফ এর সৌজন্যে বিভাগীয় কমিশনার, রাজশাহী এর কার্যালয়ে স্থাপিত বিলবোর্ড

সূত্র ঃ 'এফএনএফ' কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী

গ. ব্র্যাক

ব্র্যাক জাতীয় ও আর্ন্তজাতিক পরিমণ্ডলে সর্ববৃহৎ উন্নয়ন প্রতিষ্ঠান হিসেবে সুপ্রতিষ্ঠিত। বাংলাদেশে দারিদ্র্য বিমোচনে ও উন্নয়ন কর্মকাণ্ডে সরকারের সহযোগী শক্তি হিসেবে সুনামের সাথে কাজ করে আসছে। ব্র্যাক শুরু থেকেই তথ্য অধিকার ফোরামের একজন সদস্য হিসেবে সক্রিয় এবং দীর্ঘদিন ধরেই ব্র্যাক তথ্য অধিকার আইনের সমর্থক হিসেবে সক্রিয় ভূমিকা পালন করছে।

তথ্য অধিকার আইনের আওতায় তথ্য প্রদানসহ জেলা ও উপজেলা প্রশাসন, এনজিও, অন্যান্য বেসরকারী প্রতিষ্ঠান, গণমাধ্যমের (প্রিন্ট ও ইলেক্ট্রনিক) সাথে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে আরো কার্যকর ও নিবিড় সম্পর্ক স্থাপন করার কাজ করার জন্য ব্র্যাক Partnership Strengthening Unit (PSU) গঠন করেছে। ব্র্যাক ২০১০ সালে জেলা পর্যায়ে পূর্ণ সময়কালীন District BRAC Representative (DBR) নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করে। বর্তমানে ৬৪টি জেলায় নিয়মিত কর্মকা-ের পাশাপাশি DBR–গণ তথ্য অধিকার আইন অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করছেন। বর্তমানে ব্র্যাক ৪৮৫টি উপজেলায় তথ্য অধিকার আইন অনুসারে উপজেলা পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত তথ্য কর্মকর্তা নিযুক্ত করেছে। জেলার দায়িত্বপ্রাপ্ত তথ্য কর্মকর্তাগণ উপজেলা পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত তথ্য কর্মকর্তাদেরকে তথ্য অধিকার আইন'২০০৯ এর উপর ওরিয়েন্টেশন প্রদান করেন। উল্লেখ্য যে, ব্র্যাক প্রধান কার্যালয়ে পার্টনারশীপ স্ট্রেনদেনিং ইউনিটের কর্মসূচি ব্যবস্থাপক দায়িত্বপ্রাপ্ত তথ্য কর্মকর্তা হিসেবে কাজ করছেন এবং ব্র্যাকের পক্ষে প্রশাসন, অবলোকন ও তদন্ত বিভাগের সহযোগী পরিচালক সকল জেলা ও প্রধান কার্যালয়ের আপীল কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করছেন। তথ্য অধিকার আইনের আওতায় ব্র্যাক ২০১৩ সালে ২,৯০৩টি প্রতিষ্ঠান বা ব্যক্তির কাছে তথ্য সরবরাহ করেছে।

এছাড়া ব্র্যাকের সামাজিক ক্ষমতায়ন কর্মসূচি (সিইপি) বিশ্বব্যাংকের অর্থায়নে "Creating Awareness on RTI Law for Community Empowerment" (CARE) প্রকল্পটি সফলভাবে বাস্তবায়ন করেছে। এই প্রকল্পের সুফল ও ভাল শিক্ষণগুলোকে ধরে রাখার জন্য ও শিক্ষণগুলোকে সিইপি'র নিয়মিত কার্যক্রমের সাথে একীভূত করার জন্য CARE-2 নামে নতুন উদ্যোগ নেওয়া হয়েছে। এ প্রকল্পের মূল উদ্দেশ্য হলো তৃণমূল জনগণের মধ্যে তথ্য অধিকার আইন বিষয়ে সচেতনতা ও এর ব্যবহার বৃদ্ধির মাধ্যমে গ্রামীণ দরিদ্র মানুষের ক্ষমতায়ন ও স্থানীয় পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠায় অবদান রাখা। এর আওতায় ময়মনসিংহ, গাজীপুর ও মৌলভিবাজারের ১৭টি উপজেলায় ৪৪০ জন তথ্যবন্ধু তৈরি করা হবে, যারা অন্যদের জন্য, পল্লীসমাজের (স্থানীয় সামাজিক সংগঠন) সদস্যদের জন্য ও নিজেদের জন্য সরকারী ও বেসরকারী অফিসগুলো থেকে তথ্য সংগ্রহ করবে। প্রশিক্ষণের মাধ্যমে তথ্যবন্ধু তৈরি, কর্মসূচীর অন্যান্য কার্যক্রমের সাথে তথ্য অধিকার বিষয়ক কার্যক্রমকে যুক্ত করা, গণনাটক ও কমিউনিটি রেডিওর মাধ্যমেও তথ্য অধিকার বিষয়ক সচেতনতামূলক অভিযান এই প্রকল্পের প্রধান কার্যক্রম।

সূত্র ঃ 'ব্র্যাক' কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী

ঘ. টিআইবি

- ***তথ্য মেলা:*** আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবস ২০১৩ উদ্‌যাপন উপলক্ষে ৩৭ টি[১] সনাক (সচেতন নাগরিক কমিটি) অঞ্চলে জেলা প্রশাসন ও তথ্য কমিশনের সহযোগিতায় দুই-তিন দিন ব্যাপী তথ্য মেলার আয়োজন করা হয়। মেলা সমূহে সরকারী ও বেসরকারী সেবাদানকারী প্রতিষ্ঠান স্টল স্থাপন করে তাদের সেবা সম্পর্কিত তথ্য জনসাধারণকে অবহিত করে।

- ***শিক্ষা ও যোগাযোগ উপকরণ প্রকাশ:*** টিআইবি ও এর ৪৫টি সনাক এলাকাসমূহে বিতরণের জন্য 'তথ্যই শক্তি: 'জানবো জানাবো, দুর্নীতি রুখবো' শ্লোগান নিয়ে এক ধারনাপত্রসহ ৫০ হাজার 'তথ্যই শক্তি' লিফলেট, পাঁচ হাজার 'জানবো জানাবো- দুর্নীতি রুখবো' পোস্টার ও ৫০ হাজার স্টিকার এবং ১৬ হাজার টি-শার্ট তৈরী এবং বিতরণ করা হয়েছে।

- ***সেমিনার:*** আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবস ২০১৩ উদ্‌যাপন উপলক্ষে ৫ টি[২] সনাক অঞ্চলে "তথ্য অধিকার আইন ২০০৯" এর উপর সেমিনার আয়োজন করা হয়। সনাক যশোর "তথ্য অধিকার আইন ২০০৯ ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার করণীয়" শীর্ষক সেমিনারের আয়োজন করে। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে তথ্য কমিশনার ড. সাদেকা হালিম উপস্থিত ছিলেন।

- ***আলোচনা সভা:*** আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবস ২০১৩ উপলক্ষে ৩৫ টি[৩] সনাক অঞ্চলে ৩৭ টি আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভায় সরকারের মন্ত্রী, জেলা প্রশাসনের কর্মকর্তা, স্থানীয় জনপ্রতিনিধি, তথ্য কর্মী ও সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ অংশ গ্রহণ করেন। এছাড়া ২৮ সেপ্টেম্বর ২০১৩ তথ্য কমিশন কর্তৃক আয়োজিত আলোচনা সভায় টিআইবি অংশগ্রহণ করে। তথ্য অধিকার ফোরাম ঢাকার মহাখালীর ব্র্যাক সেন্টার ইনে ৩০ সেপ্টেম্বর ২০১৩ 'তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়নে চাহিদা বৃদ্ধি: চ্যালেঞ্জ ও উত্তরণের উপায়' শীর্ষক এক গোলটেবিল আলোচনার আয়োজন করে। সভায় প্রধান অতিথি হিসেবে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু, এমপি এবং মন্ত্রিপরিষদ সচিব মোশাররাফ হোসাইন ভূইঞা ও প্রধান তথ্য কমিশনার মো. ফারুক বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

- ***শোভাযাত্রা ও মানব বন্ধন:*** ২৮ সেপ্টেম্বর, আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবস ২০১৩ উদযাপন উপলক্ষে ৪৪ টি[৪] সনাক অঞ্চলে জেলা প্রশাসনের প্রত্যক্ষ অংশগ্রহণে শোভাযাত্রা ও মানব বন্ধনের আয়োজন করা হয়। এছাড়া ঢাকাতে ২৮ সেপ্টেম্বর ২০১৩ তথ্য কমিশন কর্তৃক আয়োজিত বর্ণাঢ্য শোভাযাত্রা এবং স্টলের কার্যক্রমেও টিআইবি অংশগ্রহণ করেছে।

- ***ভ্রাম্যমান তথ্য ও পরামর্শ বিতরণ কার্যক্রম:*** ইয়েস সদস্যদের সহযোগিতায় ৪৫ টি সনাক অঞ্চলে তথ্য অধিকার আইন, আইনের প্রায়োগিক দিক এবং বিভিন্ন সেবা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট তথ্য সম্পর্কে অবহিত করার জন্য ১০৬ টি ভ্রাম্যমাণ তথ্য ও পরামর্শ ডেস্ক এবং ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল এর বহির্বিভাগে ৩টি ভ্রাম্যমাণ তথ্য ও পরামর্শ কার্যক্রম পরিচালনা করা হয়।

---

[১] ময়মনসিংহ, মুক্তাগাছা, জামালপুর, নালিতাবাড়ি, মধুপুর, কিশোরগঞ্জ, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, চাপাইনবাবগঞ্জ, নাটোর, সিলেট, কুমিল্লা, সুনামগঞ্জ, শ্রীমঙ্গল, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, কুষ্টিয়া, যশোর, ঝিনাইদহ, চাঁদপুর, সাতক্ষীরা, বাগেরহাট, খুলনা, সাভার, মুন্সীগঞ্জ, গাজীপুর, মাদারীপুর, রাজবাড়ী, গাইবান্ধা, বগুড়া, পটুয়াখালী, খাগড়াছড়ি, নীলফামারী, দিনাজপুর, লক্ষ্মীপুর

[২] রাজশাহী সিটি, শ্রীমঙ্গল, যশোর, ঝিনাইদহ, চকরিয়া

[৩] ময়মনসিংহ, মুক্তাগাছা, নালিতাবাড়ি, মধুপুর, কিশোরগঞ্জ, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, চাপাইনবাবগঞ্জ, নাটোর, রাজশাহী সিটি, সিলেট, কুমিল্লা, সুনামগঞ্জ, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, কুষ্টিয়া, যশোর, ঝিনাইদহ, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, বাগেরহাট, খুলনা, চকরিয়া, মুন্সীগঞ্জ, গাজীপুর, মাদারীপুর, রাজবাড়ী, গাইবান্ধা, বগুড়া, বরগুনা, পটুয়াখালী, খাগড়াছড়ি, নীলফামারী, লক্ষ্মীপুর

[৪] ময়মনসিংহ, মুক্তাগাছা, জামালপুর, নালিতাবাড়ি, মধুপুর, কিশোরগঞ্জ, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, চাপাইনবাবগঞ্জ, নাটোর, রাজশাহী সিটি, চট্টগ্রাম সিটি, সিলেট, কুমিল্লা, সুনামগঞ্জ, শ্রীমঙ্গল, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, কুষ্টিয়া, যশোর, ঝিনাইদহ, ব্রাহ্মণবাড়িয়া, পটিয়া, চাঁদপুর, সাতক্ষীরা, বাগেরহাট, খুলনা, চকরিয়া, সাভার, মুন্সীগঞ্জ, মাদারীপুর, ফরিদপুর, রাজবাড়ী, গাইবান্ধা, বগুড়া, বরগুনা, পটুয়াখালী, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, নীলফামারী, দিনাজপুর, লক্ষ্মীপুর

- ***গণনাটক :*** ঢাকা এবং ৩৩ টি[৫] সনাক এলাকায় তথ্য অধিকার আইন ও তথ্য প্রাপ্তির অধিকার বিষয়কে প্রাধান্য দিয়ে নাটকের ৬১ টি শো প্রদর্শন করা হয়। নাটকে মুলত তথ্য অধিকার আইন এর প্রয়োগ, বিভিন্ন সেবাপ্রদানকারী প্রতিষ্ঠানেসমূহের অনিয়মগুলো সাধারণ মানুষের কাছে তুলে ধরা হয়।
- ***আরটিআই ওয়েবপেজ এর ধারাবাহিক প্রচারণা:***
- টিআইবি'র তরুণ স্বেচ্ছাসেবক দলের সদস্যরা বৃহত্তর ঢাকার তিনটি বিশ্ববিদ্যালয়ে তথ্য অধিকার আইন বিষয়ে নির্মিত ওয়েবপেজ (https://www.facebook.com/rtibd)- এ 'তথ্য অধিকার আইন (বাংলাদেশ)' এর ধারাবাহিক প্রচারণা সম্পন্ন করেছে ।
- ***অন্যান্য:*** রাজশাহী বিশ্ববিদ্যালয়ে টিআইবি'র অনুসন্ধানী সাংবাদিকতা প্রশিক্ষণ কর্মশালার অংশ হিসেবে ৬ জুলাই বিভিন্ন বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ও ৬৫ জন তরুণ সাংবাদিকদের সাথে তথ্য অধিকার আইন বিষয়ে আলোচনা করা হয়। তথ্য মেলা উপলক্ষে বিভিন্ন সনাক এলাকায় তথ্য অধিকার আইন এবং তথ্য প্রাপ্তির অধিকার সম্পর্কিত টিভিসি এবং ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। ঢাকাতে জাতীয় উন্নয়ন একাডেমী মিলনায়তনে তথ্য অধিকার বিষয়ে স্বল্প-দৈর্ঘ্য টিভি বার্তা প্রদর্শন করা হয়। এছাড়াও তথ্য অধিকার সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য "তথ্য অধিকার আইন ২০০৯" নিয়ে রচিত কবিগান, বাউলগান, পটগান ইত্যাদি পরিবেশন করা হয়।
- ***সচেতন নাগরিক কমিটি(সনাক):*** একটি নির্দিষ্ট এলাকার স্থানীয়, সচেতন, শিক্ষিত ও সামাজিকভাবে সকলের নিকট গ্রহণযোগ্য এমন ব্যক্তিদেরকে নিয়ে সনাক গঠিত যারা স্থানীয় পর্যায়ে ক্ষমতার অপব্যবহার ও দুর্নীতিরোধে স্থানীয় নাগরিকদের উৎসাহী ও গতিশীল করার ক্ষেত্রে নেতৃত্ব দিচ্ছে। এ কমিটি তাদের বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও গুরুত্ব অনুসারে তা বাস্তবায়ন করছে এবং টিআইবি এসকল কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে কারিগরি ও আর্থিক সহযোগিতা প্রদান করছে। দেশের সবকটি বিভাগ, কিছু জেলা ও উপজেলায় ৪৫টি সনাক রয়েছে যা টিআইবি'র স্থানীয় পর্যায়ের কার্যালয়।
- ***ইয়েস (ইয়ুথ এনগেজমেন্ট এন্ড সাপোর্ট):*** তরুণরা যাতে নিজস্ব উদ্যোগে দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলনে তাদের ভাবনা, ভাবনাগুলোকে কাজে লাগানোর উপায় এবং সফল হওয়ার ক্ষেত্রে তাদের চিন্তা চেতনার বহিঃপ্রকাশ ঘটাতে পারে তার জন্য একটি প্লাটফরম হল ইয়েস কার্যক্রম। স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, তরুণ স্বেচ্ছাসেবক এবং সাংস্কৃতিক দল এর সমন্বয়ে ইয়েস গ্রুপ গঠন করা হয়।
- ***ইয়েস-ফ্রেন্ডস:*** ইয়েস সদস্যস্যদের পাশাপাশি টিআইবি এবং সনাকের নেতৃত্বে দুর্নীতিবিরোধী সামাজিক আন্দেলনে আগ্রহী তরুণদের নিয়ে ইয়েস-ফ্রেন্ডস গ্রুপ গঠিত হয়। মূলত যাদেরকে সাংগঠনিক সীমাবদ্ধতার কারণে সরাসরি ইয়েস সদস্য হিসেবে সম্পৃক্ত করার সুযোগ দেওয়া সম্ভব হয়না তাদেরকে নিয়েই ইয়েস-ফ্রেন্ডস গ্রুপ গঠন করা হয়।

ক্যাপশন	ছবি
'তথ্যই শক্তি' - ব্রোশিওর	
'জানবো জানাবো- দুর্নীতি রুখবো' পোস্টার	

[৫] ময়মনসিংহ, জামালপুর, মধুপুর, কিশোরগঞ্জ, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, চাপাইনবাবগঞ্জ, রাজশাহী সিটি, চট্টগ্রাম সিটি, সিলেট, সুনামগঞ্জ, শ্রীমঙ্গল, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, কুষ্টিয়া, ঝিনাইদহ, সাতক্ষীরা, মুন্সীগঞ্জ, গাজীপুর, মাদারীপুর, ফরিদপুর, রাজবাড়ী, গাইবান্ধা, বগুড়া, বরগুনা, পটুয়াখালী, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, নীলফামারী, দিনাজপুর, লক্ষ্মীপুর

ক্যাপশন	ছবি
‘তথ্যই শক্তি’ লিফলেট	
‘তথ্যই শক্তি: ‘জানবো জানাবো, দুর্নীতি রুখবো’ – ধারনাপত্র	
আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবস উদযাপন উপলক্ষে তথ্য অধিকার ফোরাম আয়োজিত গোলটেবিল আলোচনা- ৩০ সেপ্টেম্বর ২০১৩	
আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবস উদযাপন উপলক্ষে ২৬ সেপ্টেম্বর ২০১৩ সিলেটে তথ্য মেলা ২০১৩-এর উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত	
তথ্য অধিকার আইন সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির জন্য উঠান বৈঠক	
সাতক্ষীরা সনাক অঞ্চলে গণনাটকের একটি দৃশ্য	

ক্যাপশন	ছবি
আন্তর্জাতিক তথ্য অধিকার দিবসে র‍্যালি	
তথ্য অধিকার দিবস উদযাপন উপলক্ষে টিআইবি কর্তৃক প্রকাশিত শিক্ষা ও যোগাযোগ উপকরণসমূহ প্রদর্শন ও বিতরণ	
রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন বিশ্ববিদ্যালয় প্রতিনিধি সাংবাদিকদের সাথে তথ্য অধিকার আইন বিষয়ে আলোচনা- ৬ জুলাই, ২০১৩	
ইয়েস সদস্যদের জন্য তথ্য অধিকার আইন বিষয়ে কর্মশালা	
তথ্য মেলার স্টল	
ভ্রাম্যমাণ তথ্য ও পরামর্শ ডেস্ক	

সূত্র ঃ 'টিআইবি' কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী

ঙ. *নিজেরা করি*

নিজেরা করি ১৯৮০ সাল হতে গ্রামীণ পর্যায়ে দরিদ্র নারী ও পুরুষের চেতনায়ন, ক্ষমতায়ণ এবং সমাবেশীকরণ কার্যক্রম পরিচালনা করে আসছে। সেকারণে নিজেরা করি'র সকল কার্যক্রমের মধ্যেই তথ্য অধিকার আইন এবং এর বাস্তয়নের বিষয়টি গুরুত্বর সাথে গ্রহণ ও যুক্ত করেছে। নিজেরা করি এবং ভূমিহীন সংগঠন উভয় ক্ষেত্রেই মূল কর্মসূচীর সাথে তথ্য অধিকার আইনের কার্যকারিতা নিশ্চিত করতে কার্যক্রম পরিচালনা করে আসছে। নিম্নে ২০১৩ কর্মবছরে পরিচালিত কার্যক্রম গুলো বিশ্লেষিত হলো। নিজেরা করি'র কেন্দ্রিয় কার্যালয়ে একজন এবং উপকেন্দ্র (মাঠ পর্যায়ের ইউনিট কার্যালয়) গুলোতে মোট ৫১ জন কর্মী, তথ্যকর্মীর দায়িত্ব পালন করে আসছে। ২০১০ সালেই সকল তথ্য কর্মীদের তালিকা সংশ্লিষ্ট উপজেলা, জেলা প্রশাসন ও তথ্য কমিশনে প্রেরিত হয়েছে।

১) নিজেরা করি ৫০টি উপকেন্দ্র কার্যালয়ের এর মাধ্যমে চট্টগ্রাম, খুলনা, রংপুর ও রাজশাহী বিভাগের ১৭টি জেলা, ৪০টি উপজেলা, ১৭১টি ইউনিয়নের মোট ১,৩৬৬টি গ্রামে মাঠ পর্যায়ে কার্যক্রম পরিচালনা করছে। নিজেরা করি' ২০১৩ কর্মবছরে তথ্য অধিকার আইন শীর্ষক ২টি কর্মশালা অনুষ্ঠান করে। উক্ত প্রশিক্ষণ সমূহে নিজেরা করি'র মোট ৫০জন কর্মী (নারী ২৪জন ও পুরুষ ২৬জন) অংশগ্রহণ করেছে। কর্মশালার মাধ্যমে তথ্য অধিকার আইন সম্পর্কে ধারণা এবং বাস্তবায়নে করনীয় দিকগুলো চিহ্নিত করা সম্ভব হয়েছে। এই কার্যক্রম এর ফলে তৃণমূল পর্যায়ে তথ্য অধিকার আইন যথাযথ ভাবে কার্যকর করার ক্ষেত্রে ইতিবাচক পরিবেশ তৈরীর প্রচেষ্টা ত্বরান্বিত হয়েছে।

২) কর্মবছরে নিজেরা করি তৃণমূল পর্যায়ে ভূমিহীন প্রান্তিক নারী ও পুরুষ দলীয় সদস্যদের নিয়ে "তথ্য অধিকার আইন" বিষয়ে যেমন- তথ্যপ্রাপ্তির অধিকার ও সুযোগ, তথ্য সংগ্রহ পদ্ধতি, প্রাপ্ত তথ্যর ব্যবহার ও জীবন-জীবিকায় এর সুবিধা ইত্যাদি বিষয়ে মোট ১০টি প্রশিক্ষণ অনুষ্ঠান করে। প্রশিক্ষণ সমূহে মোট ২৪৫জন (নারী ১২৫জন, পুরুষ ১২০ জন) ভূমিহীন সদস্য অংশগ্রহণ করে। এ সকল প্রশিক্ষণ গুলোতে তথ্য অধিকার আইন, তথ্য কর্মকর্তাদের দায়িত্ব, নীতিমালা, তথ্য আইনের প্রয়োজনীতা, তথ্য প্রাপ্তির জন্য আবেদন করার পদ্ধতি, তথ্য আবেদনের ফরম এর ব্যবহার প্রভৃতি বিষয়গুলো আলোচিত হয়েছে। তথ্য অধিকার আইন ব্যবহারের মাধ্যমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সমাজ-রাষ্ট্রে কার্যকর গণতন্ত্র প্রতিষ্ঠার মাধ্যমে নাগরিক অধিকার আদায়ের প্রক্রিয়াটি বঞ্চিত নারী-পুরুষের মধ্যে গুরুত্ব পেয়েছে।

৩) ভূমিহীন নারী-পুরুষ সদস্যদের নিয়ে নিজেরা করি মাঠ পর্যায়ে ১৬টি কর্মশালা অনুষ্ঠান করে। কর্মশালায় মোট ৩৯৬ জন (নারী ২০৫ জন,পুরুষ ১৯১জন) অংশগ্রহণ করে। এছাড়াও ভূমিহীন দলের আনুমানিক ৩১,১০০টি দলীয় সভায় নিজেরা করি'র কর্মীরা তথ্য অধিকার আইনের প্রয়োজনীয়তা এবং ব্যবহারের বিষয়ে নিয়মিত আলোচনা করেছে।

৪) গ্রামের হাট/বাজার, স্কুল প্রভৃতি মুক্ত মাঠে নিজেরা করি'র ভূমিহীন সাংস্কৃতিক দল তথ্য অধিকার আইন ব্যবহার পদ্ধতি এবং কার্যকারিতা বিষয়ে মোট ৪৩টি নাটক, ৪টি সাংস্কৃতিক পদযাত্রা ও গণসংগীত পরিবেশন করে। ফলে এলাকার সকল স্তরের মানুষের মধ্যে তথ্য অধিকার আইন এবং তার কার্যকর ব্যবহার বাস্তব অভিজ্ঞতা অর্জনের সুযোগ নিশ্চিত হয়েছে।

৫) তথ্য পাওয়ার জন্য ভূমিহীন দলীয় সদস্যরা যে সকল বিষয়ে কর্মবছরে আবেদন করেছে তাহলো-

আবেদনের বিষয়গুলো-

ক. স্বাস্থ্য বিষয়ে আবেদন করে ১২টি। স্বাস্থ্য বিষয়ে আবেদনের মধ্যে উলে堪খযোগ্য তথ্যগুলো যেমন ইউনিয়ন এবং উপজেলা স্বাস্থ্য সেবা কেন্দ্রে কি কি ধরনের চিকিৎসা সেবা আছে, বিনামূল্যে কি কি ঔষধ বিতরণ করা হয়, আউটডোরে চিকিৎসা সেবা প্রদানের সময় সূচী ও মাতৃস্বাস্থ্য সেবা প্রাপ্তির পদ্ধতি ও নীতিমালা প্রভৃতি।

খ. সামাজিক নিরাপত্তা কর্মসূচী (সেফটিনেট) বিষয়ে আবেদন করে ২২টি। আবেদন গুলোতে গুরুত্বপূর্ণ তথ্যের চাহিদা যেমন ভিজিডি, ভিজিএফ, বয়স্ক ভাতা ও কর্মসৃজন কর্মসূচী প্রভৃতি ক্ষেত্রে তালিকা প্রণয়নের পদ্ধতি, বরাদ্ধ কত, সেবা প্রাপ্তদের তালিকা প্রভৃতি।

গ. খাসজমি ও জলা বিষয়ে আবেদন করে ১১টি। গুরুত্বপূর্ণ বিষয়গুলোর মধ্যে ছিল- খাসজমি ও জলার পরিমাণ, বন্দোবস্তের পরিমাণ, বন্দোবস্ত প্রাপ্তদের নামের তালিকা, বন্দোবস্ত কমিটির সদস্যদের তালিকা, ভূমিহীন বাছাই প্রক্রিয়া প্রভৃতি।

ঘ. ***স্থানীয় উন্নয়ন বিষয়ে আবেদন করে ৬টি।*** তথ্য প্রাপ্তির আবেদন গুলোর মধ্যে উলেখযোগ্য বিষয়গুলো ছিল- ইউনিয়ন পরিষদের বাজেটে উন্নয়ন প্রকল্পের ধরণ, প্রস্তাবিত প্রকল্পে বাজেট বরাদ্দের পরিমাণ, চলমান উন্নয়ন প্রকল্প সমূহ, স্ট্যান্ডিং কমিটির সদস্য তালিকা প্রভৃতি।

ঙ. ***শিক্ষা বিষয়ে আবেদন করে ৫টি।*** আবেদনে গুরুত্বপূর্ণ বিষয়গুলো ছিল- উপবৃত্তি কার্যক্রমের নীতিমালা, উপবৃত্তি প্রাপ্তদের নামের তালিকা ও স্কুলের সময়-সূচী প্রভৃতি।

চ. ***অর্পিত সম্পত্তি প্রত্যার্পণ আইন বিষয়ে আবেদন করে ২টি।*** বিষয়গুলোর মধ্যে অর্পিত সম্পত্তির (ক) ও (খ) তফসিলের ফটোকপি, গেজেট প্রকাশ ও ভিপি হওয়ার তারিখ।

কর্মবছরে ভূমিহীন সংগঠনের সদস্যরা তথ্য অধিকার আইন এর ভিত্তিতে প্রশাসনের বিভিন্ন স্তরে তথ্য প্রাপ্তির জন্য মোট ৫৮টি আবেদন করে। উল্লেখ্য মোট ৫৮টি তথ্য প্রাপ্তির আবেদনের মধ্যে ১১টি আবেদন করেছে ভূমিহীন নারী সদস্য এবং ৪৭টি আবেদন করেছে ভূমিহীন পুরুষ সদস্য। তথ্যপ্রাপ্তির ক্ষেত্রে নারী সদস্যদের আবেদন করার এই উদ্যোগ নারী ক্ষমতায়ণ ও সচলতার (মবিলিটি) ক্ষেত্রে ইতিবাচক উদাহর।

কর্মবছরে নিজেরা করি'র ভূমিহীন সদস্যরা ৫৮টি আবেদনের মধ্যে তথ্য পেয়েছে ৪৮টিতে। বাকী ১০টি আবেদনে তথ্য প্রাপ্তির প্রক্রিয়া চলমান রয়েছে। যার মধ্যে উপজেলা ও জেলা পর্যায়ে তথ্য না পেয়ে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করে ১৩টি; শুনানী হয় ৭টিতে। ফলে সরকারের গৃহীত কর্মসূচীতে দরিদ্র তৃণমূল জনগোষ্ঠীর অংশগ্রহণ এর সুযোগ বৃদ্ধি হচ্ছে। যা অংশীদারিত্ব এবং জবাবদিহিতা নিশ্চিত করার ক্ষেত্রে একটি ইতিবাচক দিক।

মন্তব্যঃ

নিজেরা করি এবং নিজেরা করি'র ভূমিহীন সংগঠন ইতিমধ্যে ১৮টি অভিযোগ শুনানী নিস্পত্তিতে অংশগ্রহণ করে। এ প্রেক্ষিতে আমাদের অভিজ্ঞতা হলো, অভিযোগ শুনানী পরবর্তী, তথ্য কমিশন নিস্পত্তির কোন কপি অভিযোগকারী বা বিবাদীকে প্রদান করেননি। সেকারণে অভিযোগ শুনানী পরবর্তী অভিযোগকারী এবং বিবাদী উভয়ের জন্য তথ্য কমিশনের রায় বাস্তবায়ন করতে নানা ধরনের সমস্যার মুখোমুখি হতে হচ্ছে। সেহেতু আমাদের প্রস্তাব "প্রতিটি অভিযোগের শুনানী পরবর্তী অভিযোগকারী ও বিবাদীকে নিস্পত্তি কপি প্রদান" করে তথ্য অধিকার আইন বাস্তবায়নে তথ্য কমিশনের কাছে আমাদের প্রস্তাবনা।

সূত্র ঃ 'নিজেরা করি' কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী

চ. ডেমোক্রেসি ওয়াচ

তথ্য অধিকার আইন, ২০০৯ নিয়ে ডেমোক্রেসি ওয়াচ মানুষের জন্য অর্থায়নে Promoting Access to Information in Local Governance প্রকল্পের আওতায় নীলফামারী সদর উপজেলার ৩টি ইউনিয়ন ও দিনাজপুর এর বিরামপুর উপজেলার ৩টি ইউনিয়ন কার্যক্রম বাস্তবায়ন করছে। এই প্রকল্পের আওতায়:

- তথ্য অধিকার বিষয়ক জনসভা- ১৮টি
- নীলফামারী সদর উপজেলার ৩টি ইউনিয়ন ও দিনাজপুর এর বিরামপুর উপজেলার তিনটি ইউনিয়ন পরিষদের নির্বাচিত প্রতিনিধি ও সরকারী কর্মকর্তাদের তথ্য অধিকার আইনের উপর ২ দিনের প্রশিক্ষণ প্রদান।
- ৬টি ইউনিয়ন পরিষদে সিটিজেন চার্টার প্রকাশ করা
- ইউনিয়ন পরিষদে তথ্যের জন্য আবেদন করার জন্য জনগণকে উদ্বুদ্ধকরণ
- ইউনিয়ন পরিষদে আবেদনকৃত তথ্যের ফলোআপ করা
- তথ্য অধিকার বিষয়ক জাতীয় পর্যায়ে ইস্যুভিত্তিক আলোচনার আয়োজন করা ও অংশগ্রহন করা
- তথ্য কমিশন কর্তৃক অভিযোগের শুনানীতে উপস্থিত থাকা

তথ্য অধিকার আইনের ওপর ডেমোক্রেসিওয়াচের মাঠ কর্মীদের প্রশিক্ষণ

তথ্য অধিকার আইনের উপর সিরডাপ মিলনায়তনে অংশগ্রহণকৃত অতিথিবৃন্দ

নীলফামারী সদর উপজেলায় তথ্য অধকিার আইনের উপর ডক-ড্রমা প্রদর্শন

তথ্য আমার অধিকার পাবার বিষয়ক প্রচারাভিযানে দিনাজপুর এর বিরামপুর উপজেলায় অংশগ্রহণকৃত জনগণ

তথ্য কমিশনের আয়োজনে তথ্য জানার অধিকার দিবস উদ্‌যাপন

নীলফামারী সদর উপজেলায় রামনগর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তথ্য আমার অধিকার পাবার ক্যাম্পেইন এ বক্তব্য রাখছেন

সিরডাপ মিলনায়তনে ডেমোক্রেসিওয়াচ কর্তৃক তৃনমূলে তথ্য অধিকার শীর্ষক মত বিনিময় সভা

সূত্র ঃ 'ডেমোক্রেসিওয়াচ' কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী

ছ. এমআরডিআই

আরটিআই হেল্প ডেস্ক এর মাধ্যমে ৩১টি তথ্য প্রাপ্তির আবেদন প্রদানে সহায়তা দান করা হয় ।

এমআরডিআই আয়োজিত বিভিন্ন ইস্যুতে আয়োজিত ১৫টি প্রশিক্ষণে ক্রস-কাটিং ইস্যু হিসেবে তথ্য অধিকার আইন ২০০৯ এর উপর সেশন যুক্ত করা হয় । এর মাধ্যমে ২৯৯ জন প্রশিক্ষনার্থী তথ্য অধিকার আইন বিষয়ে জ্ঞান অর্জন করে ।

এমআরডিআই এ বছর দি এশিয়া ফাউন্ডেশানের সহায়তায় 'ইন সাউথ এশিয়া: কান্ট্রি ডায়াগনোসিস, বাংলাদেশ চ্যাপ্টার নামক একটি প্রকল্প বাস্তবায়ন করেছে । এ প্রকল্পের আওতায় তথ্য অধিকার বিষয়ক আইন ২০০৯ বিষয়ক নিম্নলিখিত কর্মসূচী পরিচালনা করে তার আলোকে একটি প্রতিবেদন তৈরী করে এবং নেপালের একটি সেমিনারে এটি উপস্থাপন করা হয় হয় :

১. *প্রশ্নমালা জরিপ*

সংখ্যা: ১৩২টি (সরকারী কর্মকর্তা, বেসরকারী প্রতিষ্ঠান সাধারন জনগন, তথ্য কমিশন, আপীল কর্তৃপক্ষ, মিডিয়ার সিদ্ধান্তগ্রহীতা)

২. *মাঠ পরিদর্শন*

সংখ্যা: বগুড়া, যশোর ও বরিশাল জেলার ৬৬ সরকারী-বেসরকারী প্রতিষ্ঠান, ঢাকার ৭টি বেসরকারী প্রতিষ্ঠান এবং ৩টি মন্ত্রণালয় ।

৩. *মিডিয়ায় প্রকাশিত তথ্য অধিকার বিষয়ক সংবাদের বিশ্লেষণ*

পত্রিকার সংখ্যা: ১০টি বাংলা এবং চারটি ইংরেজী দৈনিক

সময়কাল: ১ বছর (সেপ্টেম্বর ২০১১-আগষ্ট ২০১২) ।

৪. *কেইস স্টাডি সংগ্রহ*

সংখ্যা: ১৫টি কেইস সংগ্রহ করা হয়েছে

৫. *ফোকাস গ্রুপ আলোচনা*

সংখ্যা: ৩টি (সাংবাদিক,শিক্ষার্থী এবং গ্রামীন মহিলা)

৬. *ডেস্ক রিভিউ*

এর আওতায় তথ্য অধিকার আইন ২০০৯ এবং এর সাথে সংশ্লিষ্ট আইনসমূহ বিশ্লেষন করা হয় ।

৭.*চুড়ান্ত প্রতিবেদন তৈরী*

উপরোল্লিখিত কর্মসূচী সম্পন্ন করার পর এর উপর ভিত্তি করে একটি চুড়ান্ত প্রতিবেদন তৈরী করা হয় ।

এমআরডিআই এ বছরের আগষ্ট মাস থেকে মানুষের জন্য ফাউন্ডেশানের সাথে প্রোমোটিং সিটিজেনস একসেস টু ইনফরমেশান নামে তিন বছর মেয়াদী একটি প্রকল্পের কাজ হাতে নিয়েছে ।

এ প্রকল্পে আওতায় এ বছর একটি ভিত্তি জরিপ পরিচালিত হয় যার অধীনে নিম্নলিখিত কর্মসূচী সম্পাদন করা হয়;

১. *ফোকাস গ্রুপ আলোচনা*

সংখ্যা: ১২টি যশোর ও বরিশালের ১২টি উপজেলায় (সাংবাদিক,কমিউনিটি লীডার, এনজিও, সরকারী কর্মকর্তা, সাধারন মানুষ, মিশ্র গ্রুপ)

২. *কী ইনফরমেন্ট ইন্টারভিউ*

সংখ্যা: ৬০টি (১২টি যশোর ও বরিশালের ১২টি উপজেলায়)

এ বছর ***এমআরডিআই*** তথ্য জানার দিবস উপলক্ষ্যে ঢাকা এবং ঢাকার বাইরে নিম্নলিখিত কর্মসূচী পালন করে;

১. যশোরের জেলা প্রশাসন এবং টিআইবি এর সাথে যৌথভাবে যশোরে একটি সেমিনারের আয়োজন করে ।

২. ঢাকায় তথ্য কমিশনের কর্তৃক র‍্যালী এবং তথ্য মেলায় আয়োজনে সহায়তা প্রদান করে ।

৩. রাজধানীর ব্র্যাক অডিটোরিয়ামে আরটিআই ফোরামের সাথে গোলটেবিল আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে ।

সূত্র ঃ 'এমআরডিআই' কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী

অধ্যায় - ৩
তথ্য অধিকার বাস্তবায়ন পরিস্থিতি

অধ্যায় - ৩

তথ্য অধিকার বাস্তবায়ন পরিস্থিতি

তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৩০ ধারায় প্রতি বছর ৩১ মার্চ এর মধ্যে তথ্য কমিশন কর্তৃক এর পূর্ববর্তী বছরের কার্যক্রম সম্পর্কে একটি প্রতিবেদন প্রকাশ বাধ্যতামূলক করা হয়েছে। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে তথ্য কমিশন থেকে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৩০(২) উপধারায় উল্লিখিত সংশ্লিষ্ট তথ্যাদি সম্বলিত সমন্বিত প্রতিবেদন দাখিল করার জন্য দেশের সকল মন্ত্রণালয়গুলো/বিভাগ, জেলা প্রশাসন এবং বেসরকারি সংস্থাসমূহের নিকট পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে সকল জেলা, কিছু বেসরকারি প্রতিষ্ঠান ও ০৪ টি মন্ত্রণালয় ব্যতীত অবশিষ্ট মন্ত্রণালয় থেকে প্রাপ্ত তথ্যাদি সমন্বিত করে প্রতিবেদন উপস্থাপন করা হলোঃ

৩.১ বিভিন্ন কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত আবেদনের সংখ্যা

তথ্য অধিকার আইনের আওতায় জারিকৃত তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালায় নির্ধারিত ফরম ব্যবহার করে তথ্য জানার জন্য আবেদন করার বিধান রয়েছে। আবেদনের বিষয়টি তথ্য অধিকার আইনের ধারা ৭ (যে সকল তথ্য দেয়া বাধ্যতামূলক নয়) এর অন্তর্ভুক্ত না হলে নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদনকারীকে তার যাচিত তথ্য প্রদান করতে হবে। তথ্য অধিকার আইনের নির্ধারিত ফরম ব্যবহার করে সমগ্র দেশে গত ০১/০১/২০১৩ তারিখ হতে ৩১/১২/২০১৩ তারিখ পর্যন্ত প্রাপ্ত আবেদনপত্রের সংখ্যা ১১,৭২৭টি। তন্মধ্যে সরকারী কর্তৃপক্ষ বরাবর দাখিলকৃত আবেদনের সংখ্যা ৭,৮১৬টি (মন্ত্রণালয় ও অধিদপ্তর পর্যায়ে ২,৯৫৫টি ও জেলা পর্যায়ে ৪,৮৬১টি), এনজিওগুলোতে দাখিলকৃত আবেদনপত্রের সংখ্যা ৩,৯১১টি। সরকারী দপ্তরে তথ্যপ্রাপ্তির জন্য আবেদনের হার ৬৬.৬৫% এবং বেসরকারী দপ্তরে দাখিলকৃত তথ্যপ্রাপ্তির আবেদনের হার ৩৩.৩৫%।

৩.২ সরবরাহকৃত ও অনুরোধকৃত তথ্য না দেয়ার সংখ্যা

২০১৩ সনে দেশের বিভিন্ন সরকারী ও বেসরকারী কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত আবেদনের সংখ্যা ১১,৭২৭টি। তন্মধ্যে ১১,২৭৫টি (৯৬.১৫%) আবেদনের যাচিত তথ্য সরবরাহ করা হয়েছে। অনুরোধকৃত তথ্য না দেয়ার সিদ্ধান্তের সংখ্যা ৪৫২টির মধ্যে ১১টি তথ্য প্রাপ্তির আবেদন প্রক্রিয়াধীন রয়েছে। প্রাপ্ত প্রতিবেদনসমূহ পর্যালোচনায় তথ্য প্রাপ্তির আবেদনের প্রেক্ষিতে তথ্য প্রদান না করার কারণ হিসেবে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ পরিলক্ষিত হয়-

- তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ ধারা;
- আইনে ব্যয় ভাউচারকে নোটের অংশ বিবেচনা করা;
- আবেদনে বর্ণিত স্মারক ও তারিখের সংগে নথিতে সংরক্ষিত প্রতিবেদনের স্মারক ও তারিখে গরমিল পরিলক্ষিত হওয়ায়;
- আবেদনপত্রসমূহ ভূল, অপ্রাসঙ্গিক, অসম্পূর্ণ, সুনির্দিষ্ট ও আইন দ্বারা নির্ধারিত না হওয়া;
- সঠিক কর্তৃপক্ষ বরাবর আবেদন প্রেরণ না করায়;
- আবেদনের বিষয়ে আবেদনকারীর নিকট তথ্য চাওয়া;
- যাচিত তথ্য সংশ্লিষ্ট বিভাগ/শাখা সম্পর্কিত না হওয়ায়;
- আবেদন সুনির্দিষ্ট না হওয়ায়;
- চাহিত প্রতিবেদন আবেদনকালীন সময়ে না হওয়ায়;
- Intellectual Property Right হওয়ায়;
- যাচিত তথ্যাদি সংরক্ষিত না থাকায়;
- আবেদনকারী যাচিত তথ্য সংগ্রহে আগ্রহী না হওয়ায়;
- অর্থ বছর শেষ হওয়ার পূর্বেই উক্ত অর্থ বছরের তথ্য চাওয়ায় এবং কাজ সমাপ্তির হওয়ার পূর্বেই সে সম্পর্কে তথ্য চাওয়ায়;
- জমি নিয়ে বিবাদ নিষ্পত্তি না হওয়ায়;
- নিয়োগ বিধি চূড়ান্ত না হওয়ায়;
- তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২(চ) ধারা অনুয়ায়ী ফটোকপি দেয়ার বিধান না থাকায়;
- সংশ্লিষ্ট নথির নোট সীট তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২(চ) ধারা মতে দেয়ার বিধান না থাকায়;

- যাচিত প্রতিবেদন ও আবেদনের অস্তিত্ব না থাকায়;
- তারিখ ও বিষয় সুস্পষ্ট না থাকায়;
- তথ্য মূল্য প্রদান না করায়;
- ব্যবসায়িক গোপনীয়তা রক্ষার স্বার্থে;
- মহামান্য হাইকোর্টে মামলা বিচারাধীন থাকায়;

তবে তথ্য কমিশনে প্রাপ্ত সমন্বিত প্রতিবেদনে কিছু কর্তৃপক্ষ তথ্য না দেয়ার কারণ উল্লেখ করেননি ।



৩.৩ আপীলের সংখ্যা ও নিষ্পত্তির অবস্থা

সমগ্র দেশের বিভিন্ন কর্তৃপক্ষ বরাবর তথ্য প্রাপ্তির আবেদনের প্রেক্ষিতে নির্ধারিত সময়ে তথ্য প্রদান না করার কারণে বা তথ্য প্রাপ্তিতে অসন্তুষ্ট হয়ে আপীল কর্তৃপক্ষ বরাবর ৬৫টি আপীল আবেদন করা হয়েছে তার মধ্যে ৫২টি আপীল আবেদন নিষ্পত্তি করা হয়েছে এবং অবশিষ্ট ১৩ টি আপীল আবেদন প্রক্রিয়াধীন রয়েছে ।

৩.৪ বিভিন্ন কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ

সারাদেশ থেকে প্রাপ্ত সমন্বিত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, কোন কর্মকর্তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়নি । এছাড়া, তথ্য কমিশনে অভিযোগ দায়েরের প্রেক্ষিতে ২০১৩ সালে কোন কর্মকর্তাকে দোষী সাব্যস্ত করে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়নি ।

৩.৫ তথ্য অধিকার আইন অনুসারে প্রদত্ত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থের পরিমাণ

তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ মোট ৯,০৭,১৫৬/- টাকা বিভিন্ন কর্তৃপক্ষ কর্তৃক আদায় করা হয়েছে মর্মে প্রাপ্ত প্রতিবেদনে দেখা যায় । প্রাপ্ত প্রতিবেদনসমূহ পর্যালোচনায় আরো দেখা যায় যে, অধিকাংশ কর্তৃপক্ষ যাচিত তথ্যসমূহ সরবরাহ করলেও কোন অর্থ আদায় করেননি ।

৩.৬ তথ্য অধিকার আইন বাস্তবায়নের জন্য বিভিন্ন কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ব্যবস্থাদি

তথ্য অধিকার আইনটি বাস্তবায়নের ক্ষেত্রে বিভিন্ন সরকারী-বেসরকারী সংস্থা তথ্য কমিশনকে নানাভাবে সহযোগিতা করে চলছে । মন্ত্রিপরিষদ বিভাগ সর্বদা তথ্য কমিশনকে নানাভাবে সহায়তা করে আসছে । তথ্য অধিকার আইন বাস্তবায়নের জন্য তথ্য কমিশনের সাথে যৌথভাবে কিংবা স্বতঃপ্রণোদিতভাবে বিভিন্ন কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । গৃহীত পদক্ষেপগুলোর মধ্যে নিম্নলিখিত পদক্ষেপসমূহ বিশেষভাবে উল্লেখযোগ্য ঃ

কর্তৃপক্ষের নাম	কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের বিবরণ
